Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭
গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

রাজ্য পুলিশে
৫৭০২ কনস্টেবল
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

বর্ষ ৩৮ সংখ্যা ৩৮ কলকাতা শুক্রবার, ২০ এপ্রিল ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৬ বৈশাখ ১৪২৫ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

# ১০৩১ গ্র্যাজুয়েট নিচ্ছে ও এন জি সি

১,০৩১ জন গ্র্যাজুয়েট ট্রেনি নেবে অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন। নিয়োগ হবে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ও জিও-সায়েন্স শাখায় অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (এ ই ই), কেমিস্ট, জিওলজিস্ট, ট্রান্সপোর্ট অফিসার ও অন্যান্য পদে। সব ক্ষেত্রেই ২০১৮ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 3/2018 (R&P).

**শাখানুসারে শূন্যপদের বিবরণ:** এ ই ই: সিরিয়াল নম্বর: ১(এ): **মেকানিক্যাল (সিমেন্টিং):** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর:২: **সিভিল:** ২৭টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৩(এ): **মেকানিক্যাল (ড্রিলিং):** ১২৯টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৪)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৩(বি): **পেট্রোলিয়াম (ড্রিলিং):** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৪: **ইলেক্ট্রিক্যাল:** ১২৭টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৩২)। এর মধ্যে ৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত এবং ১৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি। সঙ্গে ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর হিসেবে কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে।

*এরপর চোদ্দোর পাতায়*

# এয়ার ইন্ডিয়ায় ২৯৫ কেবিন ক্রু

কেবিন ক্রু পদে ২৯৫ জনকে নিয়োগ করবে এয়ার ইন্ডিয়া। মহিলারাও আবেদন করতে পারবেন। প্রাথমিকভাবে পাঁচ বছরের চুক্তিতে নিয়োগ হবে উত্তরাঞ্চল রিজিয়নে। বিমান পরিষেবা সংস্থায় কেবিন ক্রু পদে কর্মরতরা অগ্রাধিকার পাবেন। ট্রেনি পদের ক্ষেত্রে প্রার্থীকে অবিবাহিত হতে হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শূন্যপদের বিন্যাস:** মহিলা: ২০৯টি (সাধারণ ৮৫, ও বি সি ১২৪)। পুরুষ: ৮৬টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৭২)।

**শিক্ষাগত যোগ্যতা:** ট্রেনি কেবিন ক্রু পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। অথবা যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজি বা ট্রাভেল অ্যান্ড ট্যুরিজমে তিন বছর মেয়াদের ডিগ্রি বা ডিপ্লোমা। ইংরেজি ও হিন্দি ভাষায় দক্ষতা থাকতে হবে। এয়ার ইন্ডিয়ার পরিষেবা আছে এমন কোনও দেশের ভাষা জানা থাকলে অগ্রাধিকার।

কর্মরতদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি এয়ারবাস বা বোয়িং বিমানের ক্ষেত্রে প্রযোজ্য বৈধ সেফটি অ্যান্ড ইমার্জেন্সি প্রসিডিওর (এস ই পি) সার্টিফিকেট থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৭২ সেমি (মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। তফসিলি এবং পার্বত্য অঞ্চলের প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন। বি এম আই হতে হবে মহিলাদের ক্ষেত্রে ১৮ থেকে ২২ এবং পুরুষদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫-এর মধ্যে।

**দৃষ্টিশক্তি:** কাছের ক্ষেত্রে ভালো চোখে এন/৫, খারাপ চোখে এন/৬। দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। চশমা থাকলে চলবে না।

*এরপর চোদ্দোর পাতায়*

## নদিয়া জেলায় স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, ল্যাব টেকনিশিয়ান এবং কালা-আজার টেকনিক্যাল সুপার-ভাইজর পদে ২৫ জন কর্মী নিয়োগ করবে নদিয়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। *বিস্তারিত ১৫ পাতায়*

## বিজয়া ব্যাঙ্কে ম্যানেজার

৫৭ জন ম্যানেজার নেবে বিজয়া ব্যাঙ্ক। নিয়োগ করা হবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, ল এবং সিকিউরিটি বিভাগে। ১ বছরের প্রবেশন। *বিস্তারিত ১৬ পাতায়*

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১৭৯ ট্রেনি

১৭৯ জন স্টাইপেন্ডারি ট্রেনি নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া (এন পি সি আই এল)। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। তামিলনাড়ুর কুড়ানকুলাম নিউক্লিয়ার পাওয়ার প্রোজেক্টে ট্রেনিং দেওয়া হবে ইঞ্জিনিয়ারিং এবং আই টি আইয়ের বিভিন্ন শাখায়। ট্রেনিংয়ের মেয়াদ দেড় থেকে ২ বছর। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট 'বি' এবং টেকনিশিয়ান 'বি' পদে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 01/KKNPP/HRM/2018.

আসনসংখ্যার বিবরণ: **স্টাইপেন্ডারি ট্রেনি/টেকনিশিয়ান বি:** ১১৭টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩৩)। এর মধ্যে ৪টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক। সঙ্গে ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, ইনস্ট্রুমেন্ট মেকানিক, ফিটার, টার্নার, মেশিনিস্ট, ওয়েল্ডার, ড্রাফটসম্যান (মেকানিক) এবং প্লাম্বার ট্রেডের মধ্যে যে-কোনও একটিতে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। বয়স: ২১-৫-২০১৮ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ট্রেনিংয়ের প্রথম বছরে ১০,৫০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,৫০০ টাকা।

*এরপর চোদ্দোর পাতায়*

# ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি

### গেট-২০১৮ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

৬৭ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল এবং কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে ২০১৮ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড পাওয়া যাবে। প্রথমে এক বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড থাকতে হবে। এর পর এক বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর HRD/Rectt./Advt./2018-19/01.

**ইঞ্জিনিয়ারিং শাখানুসারে শূন্যপদের বিন্যাস:** মেকানিক্যাল: ৩৫টি, সিভিল: ১৭টি, কেমিক্যাল: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। ২০১৭-র আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে আবেদন করবেন না। সেইসঙ্গে গেট-২০১৮ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে। অর্থাৎ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে এম ই, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে সি এইচ এবং সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে সি ই পত্রে গেট-২০১৮ পরীক্ষায়

*এরপর চোদ্দোর পাতায়*

# এয়ারফোর্সে খেলোয়াড়

বেশ কিছু খেলোয়াড় নেবে ভারতীয় বিমানবাহিনী। এয়ারম্যান গ্রুপ 'ওয়াই' ট্রেডে নিয়োগ করা হবে। শুধুমাত্র অবিবাহিত তরুণরাই আবেদন করবেন।

**যেসব ক্রীড়াক্ষেত্র থেকে নিয়োগ হবে:** অ্যাথলেটিক্স, বাস্কেটবল, বক্সিং, গল্ফ, ক্রিকেট, সাইক্লিং, ফেন্সিং, ফুটবল, জিমন্যাস্টিক্স, হকি, হ্যান্ডবল, কবাডি, লন টেনিস, সুইমিং, ভলিবল, ওয়াটার পোলো, রেসলিং, ওয়েট লিফটিং, স্কোয়াশ।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বোর্ড থেকে যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল।

**খেলাধুলার যোগ্যতা:** আন্তর্জাতিক প্রতিযোগিতায় সিনিয়র বা জুনিয়র মিটে সংশ্লিষ্ট ক্রীড়ায় ব্যক্তিগত ইভেন্টে দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে অন্তত পঞ্চম স্থান অধিকার করে থাকতে হবে বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা দলগত বিভাগে জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া আয়োজিত ন্যাশনাল স্কুল টুর্নামেন্টে রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে।

উচ্চমাধ্যমিকে অনুত্তীর্ণ কোনও

*এরপর পনেরোর পাতায়*

আগত দুই বছরের মধ্যে কলকাতা তথা ভারতে
২৪ লক্ষেরও বেশী চিত্তাকর্ষক চাকরির হাতছানি

N S D C
National Skill Development Corporation
Transforming the skill landscape

FREE Spoken English



তোমার ভবিষ্যৎ গড়ে নেওয়ার সঠিক ঠিকানা

Aviation and Hospitality Sector

Airport Management (Domestic)
Diploma in Aviation and Hospitality Management
Diploma in Travel and Tourism
Diploma course in Hotel Management
Certificate course for Ground Staff

NCDC Courses

Office Management Skill
Diploma in Finance and Banking (12 months)
Tally with GST

Foresight Edutech (P) Ltd.
8335069131 / 8335069138 / 8335069161

TICS
Where selection is passion

22nd April
2 P.M : Sunday

Free
Career Counseling
&
Opportunity to meet the successful candidates

@ Mahajati Sadan
Near M.G. Road Station

IAS / IPS
WBCS
OAS
IBPS SBI
SSC RAILWAY
DEFENCE / CDS / NDA / CPF
And Other Government Jobs!!!

Call For Seat Registration
8478043333
8478053333

TICS CAMPUS: 90/6-A, M.G. Road
YMCA Building 2nd Floor,
Near College Street Kol-07

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৩৮ □ ২০ এপ্রিল ২০১৮

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- –28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**সুবর্ণ সুযোগ সকলের জন্য**

www.gcajob.co.in যোগ্যতা: ৪র্থ-বি. এ। প্রতিটি জেলায় ATM/ শপিং মল/ Tower/ নার্সিং হোম/ BANK ও MNC-তে বিনা ডোনেশনে অফিসে বসে স্থায়ী কাজ। বয়স: ১৮-৪৮। বেতন: 11,200/- – 28,700/-, ESI+PF. গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

**বাংলা/হিন্দি BPO কাস্টমার কেয়ার ও** Banking প্রসেসে স্পট জয়েনিং চলছে। যোগ্যতা: মাধ্যমিক-M.A,. Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Incentive-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur, HWH-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68587.

□

**Naptol, Airtel, Vodafone ও** Banking Process-এ spot joining. বাংলা ও হিন্দি, M/F নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A. জেলাভিত্তিক নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-, PF, ESI, Car, O.T, Incentive-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। NIGAM TORI, KGP, Medinipur কলকাতা: 98007-80569, বাঁকুড়া, মেদিনীপুর: 84368-61388.

□

**Naptol /Airtel 4G কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F চাই। বেতন: INC + OT সহ 10,500/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol-91. M: 98745-28327.

□

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**URGENT VACANCY**

**ফোন করে নিজের ভবিষ্যৎ নিজে গড়ুন**

**গ্যারান্টি-সহ স্থায়ী কাজ এবং 4 দিনে স্পট জয়েনিং**

**Govt. Regd. L. No.: WB-3045**

**উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার** বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সম্পূর্ণ বিনা ডোনেশনে সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কন্ট্রাক্টরের অধীনে AIRPORT, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরাসরি Direct পে-রোলে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 45,600/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। M:77185-43880, S.T.Rd, Nowa Para, শ্যামনগর, Sana Corporate.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই**

হাওড়া ও হুগলি: 70443-81672
শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904
ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185
বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654
বজবজ ও ঢাকুরিয়া: 86976-16060
বারাসাত ও বনগাঁ: 84208-88113
দমদম ও ডানলপ: 86975-95918
রাজারহাট ও শিয়ালদহ: 97484-94791
সোনারপুর ও গড়িয়া: 86976-16100
নৈহাটি ও কল্যাণী: 86975-95917
Need Counseling, ডানলপ-108.

□

**সরাসরি ব্যাঙ্কে ফ্রন্ট ও ব্যাক অফিস,** পিওন ও ক্লার্ক পদে প্রচুর প্রার্থী চাই। VCS দমদম-নৈহাটি: 90731-45096 বেহালা-বজবজ: 84204-71831 চুঁচুড়া-বর্ধমান: 82828-92029 হাওড়া-হুগলি: 84810-32673 আরামবাগ-বর্ধমান: 90389-48397 বারাসাত-বসিরহাট: 82768-01422.

□

**স্টার হোটেলে চাকরি**

**লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে** 12-15,000/- আয়ে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি। CSMS, রাজাবাটি, মেদিনীপুর টাউন: 96411-03510, বর্ধমান: 83487-97275, হাওড়া: 86974-32044.

□

**SBI/ UCO BANK/ JIO-4G/VODA/** NAAPTOL-এ অফিসিয়াল স্থায়ী পদে স্মার্ট বাংলা জানা (18-34) M/F সরাসরি চাই। বেতন: 10,950/- –32,650/- (INC + OT + TA + থাকা) W2C, 111, F. Rd, Kol-56. দমদম/হাওড়া: 83348-59516 নদিয়া/মুর্শিদাবাদ: 90629-77779.

□

**সরাসরি নিয়োগ**

**জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার** Co. ও নার্সিং হোমের বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500). M. J. S, 11C, R. B. L, Kol-9. M: 90519-14620.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম - স্নাতক। বেতন: 14,500/- – 42,700/-. সত্বর যোগাযোগ করুন। M: 77975-75900, D. L. Corporate, P/25, CIT Road, Kol-54.

□

## কর্মখালি

**SITUATION VACANT**

Required male Accounts Assistant, fluent with taxation matter (IT & GST) and Tally. Send your CV to: swarnakshar.prakasani@gmail.com

□

**VODA/ JIO/ AIRTEL/ 4G কাস্টঃ** কেয়ারে (10-6 P.M) NEW SIM সংক্রান্ত কাস্টমারদের Incoming Call verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে (M/F) সরাসরি নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A, বয়স: 18-38. SAL: 10,800/- – 45,800 + PBA + OT + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, দঃ ২৪ পরগনা: 82769-83240, ডায়মন্ড: 90515-85928, পূঃ মেদিনীপুর: 81011-02499.

□

**পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট** ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক থেকে স্নাতক। বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। বেতন: ১২,৭০০ থেকে ১৯,৩০০ টাকা + EPF, ESIC, Medical. প্রয়োজনে অনভিজ্ঞদের কাজ শিখিয়ে স্পট জয়েনিংয়ের ব্যবস্থা। IPC, Kol-91. Kolkata / Howrah: 98742-35889 North / South 24 Pgs.: 86979-48348 Hooghly / Purba Burdwan: 74777-93463 Birbhum / Nadia: 74777-93464 Maldah / Murshidabad: 74777-93465 Asansol / Durgapur: 97351-46325 Purulia / Bankura: 84361-40813.

□

**স্থায়ী চাকরি**

**জেলায় জেলায় ATM গার্ড টাওয়ার Co,** নার্সিং হোম প্রাইভেট Co হোটেল শোরুমে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. R. J. S, 11C, R M Lane, Kol-09. 84364-85750.

□

**Jio/Airtel 4G/SBI কাস্টমার কেয়ারে** বাংলা ভাষা জানা M/F চাই। যোগ্যতা: মাধ্যমিক- স্নাতক। বেতন: INC + OT সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol- 91. M: 90075-59111.

□

**DIRECT কোম্পানিতে 42 জন কম্পিউটার অপারেটর**

**চাকরির জন্য কোনও ডোনেশন লাগে** না। স্থায়ী অফিসিয়াল পদে Database Operate করতে H.S পাশ /Appeared (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**Vodafone/Naptol কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP/H.S. বেতন: INC + OT সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol- 91. M: 90517-30543.

□

**Security GD ও বিভিন্ন কোম্পানিতে** MTS পদে কাজ করতে চান? বেতন: 10,000/- – 18,000/-. ARYA EDUTECH, MID-12. পূঃ ও পঃ মেদিনীপুর: 70749-73800 হাওড়া ও হুগলি: 91348-99009.

□

## কর্মখালি

**এয়ারপোর্ট ও মেট্রো**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

## স্কুল-কলেজ শিক্ষা

**লা-মার্টিনিয়ার-সিওম্প-সোসাইটি**

**(কাজ এবং চাকরির সহায়তা) সম্পূর্ণ** প্রাক্টিক্যাল ট্রেনিং: (১) মোবাইল রিপেয়ারিং ট্রেনিং (২) মোটর মেকানিক (৪ চাকার গাড়ি সারাই) (৩) লেডিস টেলারিং (৪) কমার্শিয়াল আর্ট (৫) ইন্টেরিয়ার ডেকোরেশন (৬) কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন। মেয়াদ: ৬ মাস থেকে ১ বছর। ১১ ডঃ ইউ. এন. ব্রহ্মচারী স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৭। ফোন: (০৩৩) ২২৯০-০০৫৩ / ৯৮৩০২-২৯০৮৮।

□

**পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের** উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CITA ১২) LCD, LED রিপেয়ারিং। ফি: ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104. 98832-04890 / 86972-61085 বারুইপুর: 90078-70999.

□

**হোটেল ম্যানেজমেন্ট**

**কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO** 9001 : 2015 স্বীকৃত ও University Affiliated সংস্থায় কম খরচে কোর্স করে ভবিষ্যৎ গড়ুন। কোর্স চলাকালীন স্টাইপেন্ড + থাকা + খাওয়া ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**WBCS (Prelims, Main, Interview)** পড়াই। Group-C-তে ৯ জন সফল হল। সাগর রায়: 94772-19086, 98740-69897. হাওড়া ময়দান।

□

**আর্ট কলেজে ভর্তি, ফেব্রিক, আর্ট টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। মাঃ/উঃ মাঃ-দের জন্য। শেষ তারিখ: ২৮/০৪/১৮। যোগাযোগ: এ. পি. সি. আই, ৩/৬৫ বিবেকনগর, যাদবপুর, কলকাতা-৭৫। ৮১৪৫০-৯৫০৪১, ৯৮৩১১-২৩১৫১।

□

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**

**ANM Nursing (2 Years)** ট্রেনিং-এ সরাসরি ভর্তি চলছে। কোর্সের শেষে নিশ্চিত চাকরি। Instalment-সহ অন্যান্য অনেক সুযোগ সুবিধা। Approved by BSS/ NSDC Govt. of India. রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 74784-30465.

□

**Math & Eng. সোনারপুর Rail** (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

## DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

## পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS, NCVT Govt. of India approved. Placement assistance. রবীন্দ্র পাঠভবন, টালিগঞ্জ: 98308-15220 / 84500-34033, শ্যামবাজার: 98308-15220/ 84428-66912.

□

**সরকারি চাকরি প্রস্তুতি**

**বিনামূল্যে Only SC/ ST/ OBC/** Minority-র জন্য WBCS, Rail, Police, P. TET. RCI, Rajarhat, New Garia, Dum Dum 91636-21655, 87770-49063.

□

**ANM নার্সিং ট্রেনিং**

**কোর্সের ফর্ম দেওয়া হচ্ছে। সত্বর** যোগাযোগ করুন। এছাড়াও X-Ray, E.C.G., DMLT (প্যাথোঃ) DPT (ফিজিও) কোর্সে সরাসরি ভর্তি চলছে। ২০তম বর্ষপূর্তিতে প্রতিটি কোর্সের ভর্তির সঙ্গে সম্পূর্ণ বিনামূল্যে স্কুল ব্যাগ দেওয়া হচ্ছে। MRIT-শ্রীরামপুরে। Mob No.: 92318-39309.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**B. Ed-M.Ed**

**D.E.L.Ed**

এছাড়াও BA/ MA/ MBA/ LLB/ GNM/ ITI কোর্সে ভর্তি চলছে। কোর্সগুলি UGC/NCTE/DEB দ্বারা স্বীকৃত। প্রচুর ছাত্রছাত্রী উপকৃত। Digitech- Saltlake, Ranaghat, Barrackpore: 90514-72054.

□

**LL.B (3 yrs)** ২ বছর ৩ মাসে পাস। Contact: D. B. Das, Advocate, বারাসাত জজ কোর্ট, 94321-76217, 80177-11657.

**ফল বেরোল**

পাবলিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নম্বর 5/2016 অনুসারে পশ্চিমবঙ্গ সরকারে মেকানিক্যাল ইঞ্জিনিয়ার নিয়োগের জন্য কমিশন কর্তৃক পরিচালিত জুনিয়র ইঞ্জিনিয়ার্স রিক্রুটমেন্ট এক্সামিনেশন, ২০১৬-র ফল প্রকাশিত হয়েছে। জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) পদে নির্বাচিতদের তালিকা দেখা যাবে এই ওয়েবসাইটে: www.pscwbonline.gov.in

□

## ডি টি পি অপারেটর ও গ্রাফিক ডিজাইনার চাই

স্বর্ণাক্ষর প্রকাশনী তাঁদের সাপ্তাহিক ও মাসিক তিনটি পত্রিকার জন্য বাংলা ও ইংরিজিতে অভিজ্ঞ ডি টি পি অপারেটর ও গ্রাফিক ডিজাইনার চাইছেন। ফটোশপ ও কোরেল ড্র ব্যবহারে সিদ্ধহস্ত এবং পেজ মেকার ও ইন ডিজাইন সফটওয়্যারে পেজ মেক-আপের অভিজ্ঞতা থাকা আবশ্যিক। অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীদের উত্তম বেতন।

**আগ্রহীরা সম্পূর্ণ জীবনপঞ্জি ও অভিজ্ঞতার বিশদ বিবরণ সহ ৭ দিনের মধ্যে ই-মেল করুন:**

swarnakshar.prakasani@gmail.com

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৫০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

**কর্মক্ষেত্র-র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২১ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।**

□□□

**৪ মে কর্মক্ষেত্র-র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৮ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।**

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**

২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in

**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**

অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# হস্তচালিত বল পেন তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** পেনের চাহিদা বারোমাস। এই মেশিনের সাহায্যে কম খরচে সহজেই পেন তৈরি করে বাজারে বিক্রি করতে পারেন। অথবা কোনও কোম্পানির থেকে অর্ডার নিয়ে প্রয়োজনমতো সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে রিফিলের টিউব, কালি, নিব কিনে আনতে হবে। ২০০০টি রিফিলের টিউব, ২০০০ নিব এবং ২ গ্রাম কালির দাম পড়বে একত্রে কমবেশি ১৪,০০০ টাকা। অর্ডার দিলে এই-সকল কাঁচামাল মেশিন বিক্রি সংস্থাই জোগান দেবে। বল পেন তৈরি করতে মোট ৫টি মেশিন লাগে। কালি রিফিল করার মেশিন, ভাইব্রেটার মেশিন, নভাল মেশিন এবং রিফিলের মুখে গার্ড লাগানোর ২টি মেশিন। এইসব মেশিনের সাহায্যে নির্দিষ্ট পদ্ধতিতে বল পেন তৈরি হয়ে গেলে যদি পেনের গায়ে কোম্পানির নাম লিখতে চান তবে আর একটি মেশিন লাগবে।

**কোন মেশিনের কী দাম:** বল পেন তৈরির মোট ৫টি মেশিনের দাম পড়বে একত্রে ২২,০০০ টাকা। পেনের গায়ে কোম্পানির নাম লেখার মেশিনটির দাম ১৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# ওড়িশার মেরিটাইম অ্যাকাডেমিতে প্রি-সি ট্রেনিং কোর্স



প্রি-সি জেনারেল পারপাস রেটিং ট্রেনিং কোর্সে ভর্তি নিচ্ছে ওড়িশার মেরিটাইম অ্যাকাডেমি। কোর্সটি কেন্দ্রীয় সরকারের ডিরেক্টোরেট জেনারেল অব শিপিং কর্তৃক স্বীকৃত। এটি একটি আবাসিক কোর্স। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**আসনসংখ্যা:** ৪০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক অথবা যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ। অথবা ফিটার বা মেশিনিস্ট বা মেকানিক বা ওয়েল্ডার বা টার্নার ট্রেডে ৪০ শতাংশ নম্বর-সহ এন সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। সব ক্ষেত্রেই মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক স্তরে ইংরেজিতে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০১৮ তারিখে সাড়ে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** ১,২০,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.odishamaritime.com আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩০ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Orissa Maritime Academy, At/Po. Paradip Dist. Jagatsingpur, Odisha, Pin-754 142. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৬৭২২) ২২৩ ২০৪।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Odisha Maritime Academy'-র অনুকূলে পারাদ্বীপে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের ফটো। প্রার্থীকে অবশ্যই সাদা রঙের শার্ট পরে ছবি তোলাতে হবে। একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য দু'কপি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।

RECRUITMENT
Urgently required Fresher / Retired Qualified Doctor (MBBS), Lab Tech., GNM Nurse & Pharmacist for Kolkata, South & North 24 Pgs. Salary Negotiable. Apply within 30 days.
Email : mawohab@yahoo.com
Or
Post : SHIS, Bhangar, South 24 Pgs. Pin - 743 502

VODA / AIRTEL ও SBI
বাংলা কাস্টঃ কেয়ারে M/F চাই
টার্গেট ও নাইট শিফট ছাড়া কাস্টমারদের ইনকামিং কল রিসিভ করে ভোটা কার্ড রিচার্জ / চেকবুক ও একাউন্ট ব্যালেন্স ইনকয়ারি সম্পর্কে সঠিক তথ্য দেওয়ার জন্য 1044 জন ছেলেমেয়ে শীঘ্রই নিয়োগ। ৩০ এপ্রিল ২০১৮ এর মধ্যে। যোগ্যতা M.P. - Graduate (18-35)। অদক্ষ প্রার্থীদের ১২ দিনের ট্রেনিং-এর পর কাজে জয়েনিং দেওয়া হবে। বেতন যোগ্যতানুসারে ইনসেনটিভ, ওভারটাইম ও বোনাস সহ 10,950/- + অন্যান্য সুবিধা ও যাতায়াত ফ্রী। বহিরাগতদের হোস্টেলের সুবিধা। যোগাযোগ
8420455516
8420666060
9830188881

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *শীতের মরশুমে আমাদের অঞ্চলে প্রচুর বাঁধাকপি নষ্ট হয়েছে। বাজারে দাম পাওয়া যায়নি। যদি সংরক্ষণের ব্যবস্থা থাকত তবে এই গ্রীষ্মে ভালো দাম পাওয়া যেত। ব্যক্তিগত ভাবে তো হিমঘর তৈরি করা সম্ভব নয়। অন্য কীভাবে সংরক্ষণ সম্ভব? —প্রকাশ মণ্ডল, বড় আন্দুলিয়া, নদিয়া-৭৪১ ১২৪।*

□□ কাঁচা অবস্থায় সংরক্ষণের জন্য হিমঘরের দরকার হবেই। অন্যথায় প্রক্রিয়াকরণের মাধ্যমে, যেমন—শুকিয়ে বা অন্য কোনও প্রক্রিয়াকরণ ব্যবস্থায় সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। সেক্ষেত্রে সংরক্ষণ খাদ্য প্রক্রিয়াকরণের অন্তর্ভুক্ত হয়ে পড়বে। প্রসঙ্গত, পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ বিপণন বিভাগ বিভিন্ন জেলায় সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের প্রশিক্ষণ দেবে। আগ্রহ থাকলে এই প্রশিক্ষণ নিতে পারেন। আড়াই মাসের প্রশিক্ষণ। ফি লাগবে না। বরং স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রথম দফার প্রশিক্ষণ হবে ২৩ এপ্রিল থেকে ৬ জুলাই পর্যন্ত। এই পর্বের প্রশিক্ষণ নিতে পারবেন শুধু মহিলারা। আপনি দ্বিতীয় ব্যাচে প্রশিক্ষণ নিতে পারবেন। এই পর্বের প্রশিক্ষণ আয়োজিত হবে ২৩ জুলাই থেকে ৫ অক্টোবর পর্যন্ত।

অন্তত মাধ্যমিক পাশ করে থাকলে এবং বয়স অন্তত ১৮ বছর হয়ে থাকলে তবেই এই প্রশিক্ষণ নেওয়া যাবে। নদিয়া জেলায় প্রশিক্ষণ নিতে চাইলে আবেদন করতে হবে এই ঠিকানায়: কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), কৃষ্ণনগর (১নং ব্লক), কৃষক বাজার চত্বর, জাহাঙ্গিরপুর, কৃষ্ণনগর, নদিয়া। ফোন: ৯৯৩২৯৯৮৯৬৫। উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ১৩ এপ্রিল সংখ্যায় '১৬৫০ মাধ্যমিক পাশ তরুণ-তরুণীকে নিখরচায় সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের প্রশিক্ষণ' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

□ *মেহেন্দি তৈরি শিখতে চাই। কোথায় শেখানো হয়? —সুষমা কোটাল, আরামবাগ, হুগলি।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে মেহেন্দি তৈরি শেখানো হয়। যোগাযোগের ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসপিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *এক বিঘা জমিতে ড্রাগন ফ্রুটের কতগুলো গাছ বসানো যায়? —সুবীর দাশ, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ১৪০টি বসানোই ঠিক হবে। গাছগুলোর মধ্যে ফাঁকা জায়গা রাখতে হবে। সেই ফাঁকা জমিতে সবজি, ফুলের চাষ হতে পারে।

□ *সরষের তেল তৈরির জন্য কী মেশিন ব্যবহার করতে হবে? মেশিনের দাম কেমন? কোথায় কিনতে পাওয়া যাবে? —অনুপ সমাদ্দার, কালনা, বর্ধমান।*

□□ স্বয়ংক্রিয় অয়েল এক্সপেলার মেশিনের দরকার হবে। উৎপাদনের ক্ষমতা অনুসারে মেশিনের দাম। ঘণ্টায় ৪০ কেজি তেল উৎপাদনের উপযোগী মেশিনের দাম কমবেশি ৮৫ হাজার টাকা। সঙ্গে দরকার হবে অন্তত ১০ হর্সপাওয়ারের মোটর। দাম ২০-২৫ হাজার টাকা। সরষে ভাঙানোর পরে তেল ছেঁকে নেওয়ার জন্য ফিল্টার প্রেস মেশিনের দরকার হবে। দাম (মোটর-সহ) কমবেশি ৬০ হাজার টাকা। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিন-পত্র বিক্রির দোকানগুলিতে এই মেশিন কিনতে পাওয়া যাবে।

জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আয়ত্ত ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।




কর্মক্ষেত্র
ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*তুমি ঠিক কী করতে চাও ভেবে দেখ, যা-ই চাও না কেন, সেটা মন-প্রাণ দিয়ে চাইতে হবে, তারপর দৃঢ়প্রতিজ্ঞ হয়ে কাজে নেমে পড়, মাঝপথে হাল ছেড়ো না, অতঃপর তুমি যেখানে গিয়ে পৌঁছবে সেটা হল দারুণ এক সাফল্য।*

*— আলেকজান্ডার গ্রাহাম বেল (টেলিফোনের আবিষ্কারক)*

✓ *ইংরেজির স্নাতকোত্তর কোর্স পড়ছি। অনার্সে ৬২ শতাংশ নম্বর আছে। মাধ্যমিক পরীক্ষার পরে শর্টহ্যান্ডের একটি বই হাতে আসে। সেই বইয়ের সাহায্যে নিজে নিজেই প্র্যাক্টিস শুরু করি। সেই শুরু। আজ পর্যন্ত আমার অবসর সময়ের সঙ্গী ওই শর্টহ্যান্ড। বাইরে টাইপিং শিখেছি। শর্টহ্যান্ডে মিনিটে ১০০টির বেশি ইংরেজি শব্দ লিখতে পারব। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের একটি সার্টিফিকেট কোর্স করা আছে। এই শর্টহ্যান্ড জানাটা আমাকে কীভাবে সাহায্য করতে পারে জানতে চাই।*

*সঙ্ঘমিত্রা লাহিড়ী, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

□ শর্টহ্যান্ডের সঙ্গে টাইপিংয়ের যদি ভালো গতি (মিনিটে অন্তত ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার গতি) আয়ত্ত করে থাকেন বা করতে পারেন তবে স্টেনোগ্রাফারের চাকরির সুযোগ আছে। এ ছাড়াও পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, অফিস অ্যাসিস্ট্যান্ট, অফিস ম্যানেজমেন্টের পেশায় আপনার শর্টহ্যান্ডের জ্ঞান কাজে লাগবে। আপনার মূল পড়াশোনার বিষয়টিও এইসব পেশার সহায়ক হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের (ইসরো) বিভিন্ন কেন্দ্রে বেশ কিছু জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। আপনি এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৩ এপ্রিল সংখ্যায় 'ইসরোয় ১৭১ জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। স্টেনোগ্রাফার পদে আবেদন করার জন্য ১ বছরের কাজের অভিজ্ঞতার দরকার রয়েছে। তাই স্টেনোগ্রাফার পদে আপনি আবেদন করতে পারবেন না। জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রেও শর্টহ্যান্ড জানা বাধ্যতামূলক। ৩০ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in

ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের (ইসরো) বিভিন্ন কেন্দ্রে বেশ কিছু জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। আপনি এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৩ এপ্রিল সংখ্যায় 'ইসরোয় ১৭১ জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে প্রতিবছরই স্টেনোগ্রাফার নিয়োগ করা হয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। আপনি এই পদে আবেদন করতে পারবেন। রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থাতেই স্টেনোগ্রাফার নেওয়া হয়। টাইপিংয়ে প্রয়োজনীয় গতি থাকলে আপনি আবেদন করতে পারবেন।

অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদের চাকরির জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন। শর্টহ্যান্ডের জ্ঞান কাজে লাগবে। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। প্রসঙ্গত, স্নাতকে প্রথম শ্রেণির নম্বর থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে আপনি অ্যাডমিনিস্ট্রেটিভ পদেও আবেদন করতে পারবেন।

পশ্চিমবঙ্গের পুরসভা, জেলাপরিষদ, পঞ্চায়েত সমিতিগুলিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ বিধানসভায় রিপোর্টার পদে আবেদন করতে পারবেন।

উল্লিখিত চাকরিগুলির ক্ষেত্রে শর্টহ্যান্ড ও স্টেনোগ্রাফির দক্ষতা কাজে লাগবে। এ ছাড়াও স্নাতক যোগ্যতার অন্যান্য বিভিন্ন চাকরির জন্যও আপনি আবেদনের যোগ্য।

✓ *আমি কেমিস্ট্রির গ্র্যাজুয়েট। অনার্সে ৫৮ শতাংশ নম্বর আছে। ফরেন্সিক সায়েন্সে আমার বিশেষ আগ্রহ রয়েছে। ভবিষ্যতে ফরেন্সিক সায়েন্স সংক্রান্ত পেশা অবলম্বনের ইচ্ছা। বিষয়টি পড়ার জন্য এখনই কোথাও ভর্তি হওয়ার সুযোগ আছে কি?*

*মৃদুল দেবনাথ, গোলাপ বাগ, বর্ধমান।*

□ ক্রিমিনোলজি অ্যান্ড ফরেন্সিক সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু করেছে পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়। আপনি আবেদন করতে পারেন এখনই। ২৪ এপ্রিলের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pondiuni.edu.in

আরও যে-সব প্রতিষ্ঠানে ফরেন্সিক সায়েন্স পড়া যায়: সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি, সি বি আই, সিজিও কমপ্লেক্স, নিউ দিল্লি; ন্যাশনাল ইনস্টিটিউট অব ক্রিমিনোলজি অ্যান্ড ফরেন্সিক সায়েন্স, নিউ দিল্লি; ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো, নিউ দিল্লি; মাদ্রাজ বিশ্ববিদ্যালয়, তামিলনাড়ু; বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়, বারাণসী, উত্তরপ্রদেশ; ডঃ বি আর আম্বেদকর বিশ্ববিদ্যালয়, আগ্রা; ন্যাশনাল ল ইউনিভার্সিটি, জোধপুর, রাজস্থান; দিল্লি বিশ্ববিদ্যালয়, দিল্লি।

✓ *বি কম পাশ। স্নাতকে প্রথম শ্রেণির নম্বর আছে। ট্যালি জানি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স শেষ করব মে মাসে। এম কম পড়ার ইচ্ছা থাকলেও সম্ভব হচ্ছে না। চাকরির প্রয়োজন রয়েছে। চাকরির সন্ধান জানালে উপকৃত হব।*

*নির্মাল্য বসু, দুর্গাপুর, বর্ধমান।*

□ অ্যাকাউন্টস-সংক্রান্ত চাকরির জন্য নিজেকে অনেকটাই প্রস্তুত করেছেন। তাতে চাকরি পেতে সুবিধাই হবে। গ্র্যাজুয়েট যোগ্যতার অন্যান্য চাকরির জন্যও আপনি আবেদনের যোগ্য। চাকরি বাছাই করে প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ন্যাশনাল সিডস কর্পোরেশনের অ্যাকাউন্টস বিভাগে কিছু ট্রেনি নেওয়া হবে। আপনি আবেদন করতে পারেন। ট্রেনিং চলাকালীন মাসে ১৭,৫৭৮ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে উচ্চপদে নিয়োগ হবে। 'কর্মক্ষেত্র'-র ১৩ এপ্রিল সংখ্যায় 'ন্যাশনাল সিডস কর্পোরেশনে ১৬৯' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৫ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.indiaseeds.com

উত্তর দিনাজপুরের বিভিন্ন পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে অ্যাকাউন্টস ক্লার্ক ও গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি নেওয়া হবে। আপনি উভয় পদেই আবেদনের যোগ্য। যে-কোনও একটি পদে আবেদন করবেন। 'কর্মক্ষেত্র'-র ৬ এপ্রিল সংখ্যায় 'উত্তর দিনাজপুরে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে ১৯৩' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dlscud.in তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.uttardinajpur.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। চাইলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদেও আবেদন করতে পারবেন। রেলে কমার্শিয়াল ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ক্লার্ক ও প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ছাড়া অন্য যে-কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের উল্লিখিত যে-কোনও পদের জন্যই আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আই বি পি এস) যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষার ধরনধারণ জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ibps.in স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষ নিজেরাই সরাসরি প্রার্থী বাছাই করে থাকে। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। সরকারি বিভিন্ন সংস্থায় জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার পদের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার পদে চাকরির জন্য ওয়েস্ট বেঙ্গল মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

✓ *আমি এ বছর গ্র্যাজুয়েশনের ফাইনাল পরীক্ষা দেব। পুলিশ সার্ভিসে চাকরি করার ইচ্ছা খুব। উচ্চমাধ্যমিক পর্যন্ত নিয়মিত বাস্কেট বল খেলেছি। এখনও সময় পেলে খেলাধুলা করে থাকি। সম্প্রতি 'কর্মক্ষেত্র'-য় 'রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর' সংবাদটি দেখে মনটা খুব দমে গেছে। মহিলাদের ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতা দেখলাম ১৬০ সেমি। আমার উচ্চতা ১৫৬ সেমি। আমি সাধারণ ক্যাটেগরির মেয়ে। উচ্চতায় ছাড় পাওয়ার সম্ভাবনা নেই। তাহলে কি পুলিশ সার্ভিসে চাকরি করার এতদিনের ইচ্ছেটা ত্যাগ করতে হবে?*

*গায়ত্রী মুখোপাধ্যায়, চন্দননগর, হুগলি।*

□ প্রবল ইচ্ছা থাকলে পুলিশ সার্ভিসে অফিসার র‍্যাঙ্কে চাকরির সুযোগ আছে। সেক্ষেত্রে আপনাকে ডব্লু বি সি এসের 'বি' গ্রুপের পরীক্ষায় সফল হতে হবে। 'বি' গ্রুপের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে সফল হলে পশ্চিমবঙ্গের পুলিশ সার্ভিসে অফিসার র‍্যাঙ্কে চাকরি হয়। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা দরকার ১৫০ সেমি। অর্থাৎ আপনি পুলিশের অফিসার র‍্যাঙ্কে চাকরি পেতেই পারেন। সময় নিয়ে পরীক্ষার জন্য নিজেকে প্রস্তুত করতে হবে।

২০১৯-এর ডব্লু বি সি এস পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়। চাইলে কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষাতেও বসতে পারেন। এক্ষেত্রেও 'বি' গ্রুপের পরীক্ষা ও ইন্টারভিউয়ে সফল হলে ইন্ডিয়ান পুলিশ সার্ভিসে অফিসার র‍্যাঙ্কে চাকরি হয়। এক্ষেত্রেও আপনার উচ্চতা বাধা হবে না।

প্রসঙ্গত, সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের জন্য দৈহিক সক্ষমতার পরীক্ষা নেওয়া হয়। অফিসার র‍্যাঙ্কের প্রার্থীদের দৈহিক সক্ষমতার পরীক্ষা দিতে হয় না। তবে, অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খেলাধুলার অভ্যাস সাহায্যই করবে।



## চ্যালেঞ্জ নিতে ভয় পাবেন না চ্যালেঞ্জ যত, সুযোগও তত

প্রফেসর অশোক কুমার ব্যানার্জি, প্রেসিডেন্ট, ক্যালকাটা ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন,
প্রাক্তন চেয়ারম্যান ও চেয়ারম্যানস কাউন্সিল মেম্বার,
আই আই এম ক্যালকাটা অ্যাল্যামনি অ্যাসোসিয়েশন, কলকাতা

'কর্মক্ষেত্র'-র তরুণ পাঠক-পাঠিকাদের প্রথমেই বলব, চ্যালেঞ্জ নিতে ভয় পাবেন না। এই একবিংশ শতকে পেশার জগতে চ্যালেঞ্জ নিতে ভয় পেলে চলবে না। অনেকের মধ্যেই ভিন রাজ্যে গিয়ে চাকরি করার ব্যাপারে অনীহা দেখি। বর্তমান সময়ে এ ধরনের মানসিকতা কিন্তু অচল। আজ আপনাকে প্রত্যন্ত গ্রামাঞ্চলে গিয়ে কাজ করতে হতে পারে। সেখানে শহরের স্বাচ্ছন্দ্যগুলো পাবেন না। কিন্তু ধরে নেবেন কেন যে, আপনার আর স্থান পরিবর্তন হবে না? গ্রামীণ অর্থনীতির অভিমুখগুলো বদলে যাচ্ছে। গ্রামাঞ্চলে কত কাজ করার আছে। গ্রামাঞ্চলে বিভিন্ন ব্যাঙ্ক তাদের শাখার সংখ্যা বাড়াচ্ছে। এ জন্য ব্যাঙ্কগুলোর বিভিন্ন স্তরে কর্মী নিয়োগের দরকার হচ্ছে। এটা তো চাকরিপ্রার্থীদের কাছে সুযোগ। তাই বলছিলাম, প্রয়োজন অনুসারে নিজেকে বদলাতে হবে, চ্যালেঞ্জ নিতে হবে। চ্যালেঞ্জ যত, সুযোগও তত।

পেশার জগৎ দ্রুত বদলে যাচ্ছে। গণিত নিয়ে পড়াশোনা করলে এখন আর শুধু শিক্ষকতার চাকরির মধ্যে আটকে থাকতে হয় না। সফটওয়্যার সংস্থাগুলিতে চাকরি হতে পারে। ডেটা অ্যানালিসিসের কাজ করছে কত সংস্থা, সেই সব জায়গায় চাকরি হতে পারে, টেলিফোন সংস্থায় চাকরি হচ্ছে। হ্যাঁ, একটু খোঁজখবর রাখতে হবে। কোন কোন ক্ষেত্রে আপনার বিষয়টি নিয়ে কাজ হচ্ছে, সে-ব্যাপারে একটা স্বচ্ছ ধারণা থাকার দরকার আছে।

চিন, আমেরিকার পরে ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিসমৃদ্ধ দেশ। কোন কোন ক্ষেত্রে সেই সমৃদ্ধির প্রতিফলন ঘটছে সেদিকে খেয়াল রাখুন। রিটেল সেক্টরে বহু লক্ষ মানুষের দরকার হবে। ফ্লোর-কর্মী থেকে ম্যানেজমেন্ট লেভেল, চাকরির সুযোগ আছে প্রতিটি স্তরে। নির্মাণশিল্পের দ্রুত বিকাশ ঘটবে আগামী দিনে। সিভিল ইঞ্জিনিয়ারিং আর্কিটেকচার পেশাদারদের পাশাপাশি ওয়েল্ডার, প্লাম্বার, ইলেক্ট্রিশিয়ানদের প্রচুর কাজ আছে এক্ষেত্রে।

গ্রামেগঞ্জে ব্যাপক হারে কম্পিউটার ঢুকবে। হার্ডওয়্যার, নেটওয়ার্কিংয়ের প্রচুর লোকের দরকার হবে। ভালো কম্পিউটার জানলে আপনি কম্পিউটার শেখানোর ট্রেনিং স্কুল গড়তে পারেন।

স্বনির্ভর গোষ্ঠী গড়ে আজ লক্ষ লক্ষ মহিলা নিজের পায়ে দাঁড়াচ্ছেন। যথেষ্ট মূল্য রয়েছে এরকম উদ্যোগের।

ভারতবাসীর গড় বয়স ২৫ বছর। এ দেশের ৩২ কোটি লোক ইংরেজি ভাষাটা বোঝেন। সাধারণ ভারতবাসীর ধৈর্য, বনিবনা করে চলার মানসিকতা সারা বিশ্বের প্রশংসা পেয়ে থাকে। এগুলো আমাদের শক্তির দিক। আপনিও এই শক্তি, এই ঐতিহ্যের অংশীদার। আমি কি পারব? এই সংশয় পোষণ করবেন না। বরং বলুন, 'আমি পারবই'। দেখবেন আপনি পেরেছেন। কোনও না কোনওভাবে ঠিক পেরেছেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

## কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial → FV (Future Value)**

এই ফাংশানটির সাহায্যে কোনও নির্দিষ্ট সুদের হারে নির্দিষ্ট পরিমাণ টাকা নির্দিষ্ট সময় অন্তর জমা করলে তা কোনও নির্দিষ্ট সময় শেষে সুদে-আসলে কত টাকায় উপনীত হবে, তা নির্ধারণ করা যায়। এটি একটি অর্থনৈতিক সূত্র।

এর Syntax-টি হল:

FV(Rate, nper, pmt, [pv], [type])

এখানে,

Rate = সুদের হার। সাধারণত এই rate-টি বার্ষিক সুদের হার-কে বোঝায়।

nper = মোট কিস্তির পরিমাণ।

pmt = প্রতি কিস্তিতে জমাকৃত অর্থ।

pv = বর্তমান মূল্য, অথবা কতগুলো কিস্তিতে বিনিয়োগ করা হবে এমন অর্থের বর্তমান পরিমাণ। মনে রাখবেন, এই 'pv' হল optional অর্থাৎ, সূত্রে ব্যবহার করতেও পারেন, আবার নাও করতে পারেন। যদি pv না লেখা হয় তাহলে সূত্র '0' মূল্য ধরে নেবে। লক্ষ করুন, সূত্রে 'pv'-কে [ ]-এর মধ্যে রাখা হয়েছে।

type = এটিও optional. তাই সূত্রে [ ]-এর মধ্যে রাখা হয়েছে। এর মান 0 অথবা 1, এটি কিস্তি বাকি থাকার অবস্থা নির্দেশ করে। এই ফাংশানে 'type' লেখা না হলে, সূত্র type-এর মান '0' ধরে নেয়। যদি মেয়াদের শেষে কিস্তি বাকি থাকে, তাহলে type = 0 ধরতে হবে এবং মেয়াদের প্রথমদিকে কিস্তি বাকি থাকলে, type = 1 ধরতে হবে।

মনে রাখতে হবে,

* কত সময় অন্তর কিস্তির টাকা জমা দেওয়া হবে তার ওপর ভিত্তি করে সুদের হার ধরতে হবে। যেমন, আপনি যদি 12% বার্ষিক সুদের হারে 4 বছর মেয়াদি কোনও মাসিক টাকা দিতে চান, তাহলে Rate হবে = 12%/12 এবং nper হবে = 4*12. এখন কিস্তি যদি বছরে দেওয়া হত, তাহলে Rate = 12% এবং nper = 4.

* যদি কিস্তিতে টাকা জমা দেওয়া হয়, তাহলে Argument-এ সব টাকা ঋণাত্মক (নেগেটিভ) হবে এবং গ্রহণ করা হলে ধনাত্মক (পজিটিভ) হবে।

এবার আসুন, উদাহরণ দিয়ে 'FV' ফাংশানটি বোঝাই—

ধরা যাক, আপনি কোনও একটি ব্যবসার কারণে 1 বছরের জন্য 6,00,000 টাকা 6% চক্রবৃদ্ধি সুদের হারে (মাসিক সুদের হার = 6%/12 = 0.05%) জমা দেবেন বলে ভাবলেন। কিন্তু আপনি ঠিক করলেন যে এভাবে না রেখে প্রতি মাসের শুরুতে 50,000 টাকা করে 1 বছরের জন্য মোট 12 মাস জমা দেবেন। এই ভাবে জমা দিলে 12 মাস পরে মোট টাকার পরিমাণ (F.V.) কত হবে তা জানার জন্য FV ফাংশানটি ব্যবহার করতে হবে।

এক্ষেত্রে,

Rate = সুদের হার = 6% / 12 = 0.05%

nper = মোট কিস্তির পরিমাণ = 12

pmt = প্রতি কিস্তিতে জমাকৃত অর্থ = –50000

pv = বর্তমান মূল্য = –600000

type = 1 (যেহেতু পর্যায়ের শুরু থেকে payment due আছে)

সুতরাং, syntax-টি লিখতে হবে এইরকম:

=FV(0.05%,12,–50000,–600000,1)

= Rs. 1,205,563.50 অর্থাৎ, 12 লক্ষ 5 হাজার 563 টাকা 50 পয়সা।










Function Arguments-এর মাধ্যমে FV (Future Value) বের করতে হলে—







ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



কম্পিউটারে ডিস্ক ড্রাইভগুলি ডাবল ক্লিক করার পর খুলছে না। তার বদলে ওপেন উইথ-এর মেনু খুলে যাচ্ছে। এটা কেন হচ্ছে? —পূজা মুখার্জি, শিবপুর, হাওড়া।

□□ আপনার কম্পিউটার স্ক্যানিংয়ে নিশ্চিতভাবে ভাইরাস পাওয়া যাবে। আপনি কী অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করছেন সেটা লেখেননি। আপনি একটি আপডেটেড অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করে মেশিনটি ফুল সিস্টেম স্ক্যান করুন। এরপরও যদি ড্রাইভগুলি ওপেন করতে না পারেন তাহলে কম্পিউটার ফরম্যাট করতে হতে পারে।

কম্পিউটারে ইনটেল-এর নতুন প্রসেসর গুলির মধ্যে অন্যতম কোনটি? —সুজিত মিত্র, নবগ্রাম, জেলা-পূর্ব বর্ধমান।

□□ ইনটেল-এর নবতম প্রসেসর গুলির মধ্যে অন্যতম হল Core i7 6700। তবে অন্যান্য প্রসেসরগুলিরও চল আছে।

কম্পিউটারের ক্ষেত্রে **parallel communication** কাকে বলে? —দেবলীনা সেনাপতি, সিউড়ি, বীরভূম।

□□ কম্পিউটার টু কম্পিউটার কমিউনিকেশন অথবা কম্পিউটার টু পেরিফেরাল কমিউনিকেশনের ক্ষেত্রে একটি complete byte (8bit) ডেটা একই সময় ট্রান্সমিট করা হলে তাকে প্যারালাল কমিউনিকেশন বলে।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স নিয়ে স্নাতকোত্তর স্তরে কী কী কোর্স পড়ানো হয়? ভর্তি হতে হয় কীভাবে? —প্রজ্ঞা দাশগুপ্ত, নোয়াপাড়া, উত্তর ২৪ পরগনা।

□□ কল্যাণী বিশ্ববিদ্যালয়ে মাস্টার অব কম্পিউটার অ্যাপ্লিকেশন (এম সি এ) এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে এম টেক করা যায়। এম সি এ-র জন্য স্টেট লেভেল জেকা পরীক্ষা দিয়ে সফল হতে হবে। এম টেক-এ ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউ বিশ্ববিদ্যালয় কতৃপক্ষই পরিচালনা করেন।

কম্পিউটারের মাউসের লেফট ও রাইট বাটন উল্টো হয়ে গেলে আবার আগের অবস্থায় ফিরব কীভাবে? —মনিরুল শেখ, মুর্শিদাবাদ।

□□ কম্পিউটারের স্টার্ট মেনু থেকে কন্ট্রোল প্যানেলে গিয়ে মাউস অপশন ওপেন করুন। এই মেনুতে 'বাটন কনফিগারেশন'-এর নীচে 'সুইচ প্রাইমারি অ্যান্ড সেকেন্ডারি বাটনস' লেখার পাশের চেকবক্সে ক্লিক করে টিক চিহ্নটি তুলে দিয়ে 'ওকে' করুন। এবার আপনার মাউসের লেফট ও রাইট বাটন আবার আগের মতো হয়ে যাবে।

# কম্পিউটার সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



কম্পিউটার সায়েন্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের কম্পিউটার সায়েন্স বিভাগ। ২ বছর মেয়াদের এই কোর্সটি পড়ানো হবে প্রতিষ্ঠানের বেলুড় মঠ ক্যাম্পাসে। শুধু ছেলেরা আবেদন করবেন। কোর্স শুরু হবে জুনে।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্সে বি এসসি (অনার্স) বা বি টেক। অথবা যে-কোনও শাখায় বি টেক, সঙ্গে কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমা। কম্পিউটার অ্যাপ্লিকেশনে ব্যাচেলর (বি সি এ) ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২০ মে, সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত। ইন্টারভিউ ২২ মে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ডিমান্ড ড্রাফট (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের ফটো। ফটো দু'টি আবেদনপত্র ও অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।

আবেদন করবেন নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.rkmvu.ac.in অথবা আবেদনের ফর্ম সরাসরি সংগ্রহ করা যাবে বেলুড়ে বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অফিস (বেলুড় মঠের প্রধান প্রবেশদ্বারের বাইরে) থেকে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। আবেদনপত্র ডাক মারফত পাঠাতে চাইলে ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'Ramakrishna Mission Vivekananda Educational Institute'-এর অনুকূলে 'Belur Math, Howrah'-এ প্রদেয় হতে হবে। সরাসরি আবেদনপত্র জমা দিতে চাইলে নগদেও ফি দেওয়া যাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৯ এপ্রিলের মধ্যে ডাক মারফত পাঠাবেন এই ঠিকানায়: Registrar, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute, P.O Belur Math, Howrah, West Bengal-711 202. এছাড়াও সরাসরি প্রতিষ্ঠানে গিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে পারেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

☐ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে নিয়োগের লিখিত পরীক্ষা অনেক দিন আগেই হয়েছে। ফল প্রকাশিত কবে হবে? সফল প্রার্থীদের কি ইন্টারভিউ হবে? —প্রদীপ সরকার, নদিয়া।*

☐☐ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত কৃষিপ্রযুক্তি সহায়ক পদে নিয়োগের দু'দফার লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য ইন্টারভিউ শুরু হবে ২৩ এপ্রিল। চলবে ১৯ জুলাই পর্যন্ত। ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা দেখা যাবে এই ওয়েবসাইটে: www.pscwbonline.gov.in কমিশনের তরফে জানানো হয়েছে, ২৩ এপ্রিল থেকে নির্দিষ্ট দিনগুলিতে দু'টি অর্ধে ইন্টারভিউ চলবে। প্রথমার্ধের ইন্টারভিউ শুরু হবে সকাল ১০টা ১৫ মিনিটে, দ্বিতীয়ার্ধের ইন্টারভিউ শুরু হবে দুপুর ১২টায়। ইন্টারভিউয়ে ডাক পাওয়া প্রার্থীরা কললেটার ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.pscwb application.in পরীক্ষার দিন সমস্ত মূল সার্টিফিকেট সঙ্গে নিয়ে ইন্টারভিউ কেন্দ্রে উপস্থিত থাকবেন।

## কোর্স, ট্রেনিং

☐ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন বিষয়ে স্নাতক কোর্সে ভর্তি হতে চাই। শিক্ষাগত যোগ্যতা-সহ খুঁটিনাটি বিষয়ে বিস্তারিত জানাবেন। —স্বপ্না দাস, পাণ্ডুয়া, হুগলি।*

☐☐ লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের ব্যাচেলর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ যে-কোনও শাখায় স্নাতক। অনার্স বিষয়ে অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। অথবা ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪১.২৫ এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ পাশ গ্র্যাজুয়েট। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৮.৭৫ এবং ও বি সিদের ক্ষেত্রে ৫৮.৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। এ ছাড়া ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা মেডিক্যাল বা আইনের স্নাতকরাও আবেদনের যোগ্য। শিক্ষাগত যোগ্যতার নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১০ মে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ কম্পোজিশন, বেসিক ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্স, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি, ইন্ডিয়ান পলিটি ইকনমি অ্যান্ড কালচার, কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইম্পর্ট্যান্স এবং জেনারেল মেন্টাল এবিলিটি। কোনও নেগেটিভ মার্কিং নেই। ২০ এপ্রিলের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in

☐ *নয়াদিল্লির ন্যাশনাল স্কুল অব ড্রামায় ড্রামাটিক আর্টসে তিন বছরের ডিপ্লোমা কোর্সের জন্য আবেদন করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —রাহুল বোস, সীমা বসাক, আমডাঙা, উত্তর ২৪ পরগনা।*

☐☐ ন্যাশনাল স্কুল অব ড্রামায় ড্রামাটিক আর্টসে ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য প্রার্থী মনোনীত করা হবে দু'টি ধাপে। প্রথমে প্রার্থীদের একটি অডিশন নেওয়া হবে। কলকাতায় অডিশনের তারিখ ১৬, ১৭ এবং ১৮ মে। অডিশনে উত্তীর্ণ প্রার্থীদের একটি ৫ দিনের কর্মশালায় যোগদান করতে হবে এবং পারফর্ম্যান্সের ভিত্তিতে বিশেষজ্ঞ কমিটি প্রার্থী মনোনীত করবেন। কর্মশালাটি চলবে ২৬ থেকে ৩০ জুন, দিল্লিতে। সবশেষে প্রার্থীদের একটি মেডিক্যাল টেস্ট দিতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.onlineadmission.nsd.gov.in

## নার্সিং

☐ *বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেসে স্টাফ নার্স পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সীমা বসাক, আমডাঙা, উত্তর ২৪ পরগনা।*

☐☐ বেঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি, সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। অথবা উচ্চমাধ্যমিক, সঙ্গে গ্রেড 'এ' নার্স হিসেবে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ১০ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nimhans.ac.in

☐ *মুম্বইয়ের টাটা মেমোরিয়াল সেন্টার নার্সিংয়ে ২ বছরের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে। কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চন্দনা মিত্র, জলপাইগুড়ি।*

☐☐ মুম্বইয়ের টাটা মেমোরিয়াল সেন্টার নার্সিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি এসসি নার্সিং বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং। সেই সঙ্গে অবশ্যই স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি কোনও হাসপাতাল বা নার্সিং হোম বা কমিউনিটি হেলথ সেন্টারে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা (১০০ নম্বর), গ্রুপ ডিসকাশন (৩০ নম্বর) এবং ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। প্রবেশিকা পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে অঙ্কোলজি নার্সিং, জেনারেল নার্সিং, জেনারেল ইংলিশ, ম্যাথমেটিক্স এবং জেনারেল নলেজ বিষয়ে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে তার এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি ২ মে-র মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Director, Academics, Homi Bhabha Block Building, 13th Floor, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012. ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Tata Memorial Centre, Parel, Mumbai'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

## অন্যান্য চাকরি

☐ *ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রাজ্য পুলিশে কনস্টেবল পদে দরখাস্ত করেছি। এ ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দীপেন করগুপ্ত, জনার্দনডিহি, পুরুলিয়া।*

☐☐ ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রাজ্য পুলিশে কনস্টেবল পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে মোট ছ'টি পর্যায়ে— প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল লিখিত পরীক্ষা, ইন্টারভিউ এবং সবশেষে মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা শুধু একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে ফাইনাল পরীক্ষায় বসার যোগ্যতা পাওয়া যাবে। ফাইনাল পরীক্ষায় সফল হলে প্রার্থীরা ইন্টারভিউয়ের জন্য ডাক পাবেন। ফাইনাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড জেনারেল নলেজ (৫০ নম্বর), পাটিগণিত (৩০ নম্বর) এবং রিজনিং (২০ নম্বর) বিষয়ে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক মাপজোক যাচাইয়ের পরে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ফাইনাল পরীক্ষায় অবজেকটিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড জেনারেল নলেজ (২৫ নম্বর), ইংলিশ (২৫ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর) এবং রিজনিং অ্যান্ড লজিক্যাল অ্যানালিসিস (১৫ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। ফাইনাল লিখিত পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে ইন্টারভিউয়ের (১৫ নম্বর) জন্য। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। ওয়েবসাইট: www.policewb.gov.in

☐ *ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রাজ্য পুলিশের আন-আর্মড ব্রাঞ্চে সাব-ইন্সপেক্টর পদের ক্ষেত্রে কী ধরনের দৈহিক মাপজোক থাকতে হবে? —নিখিল সাহা, আমতা, হাওড়া।*

☐☐ ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রাজ্য পুলিশের আন-আর্মড ব্রাঞ্চে সাব-ইন্সপেক্টর পদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৬৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৯ সেমি ও ৮৪ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)। ওজন অন্তত ৫৬ কেজি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৫২ কেজি)। ওয়েবসাইট: www.policewb.gov.in

☐ *দক্ষিণ চব্বিশ পরগনা জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে টিউবারক্যুলোসিস হেলথ ভিজিটর পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মনোজ গড়াই, ধামুয়া, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ দক্ষিণ চব্বিশ পরগনা জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে টিউবারক্যুলোসিস হেলথ ভিজিটর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। অথবা উচ্চমাধ্যমিক, সেই সঙ্গে মাল্টিপারপাস ওয়ার্কার বা এ এন এম বা হেলথ ওয়ার্কারের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টিউবারক্যুলোসিস হেলথ ভিজিটর কোর্স করে থাকতে হবে। এর পাশাপাশি অন্তত ২ মাস মেয়াদের কম্পিউটার অপারেশনের কোর্স করে থাকতে হবে। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মাল্টিপারপাস ওয়ার্কার বা স্যানিটারি ইনস্পেক্টর কোর্স করে থাকলে অগ্রাধিকার। ২৫ এপ্রিলের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in

☐ *উত্তর দিনাজপুরের গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে ব্লক ইনফর্মেটিক্স অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবালয় ভৌমিক, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।*

☐☐ উত্তর দিনাজপুরের গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে ব্লক ইনফর্মেটিক্স অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক বা কম্পিউটার সায়েন্সে অনার্স গ্র্যাজুয়েট অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট, সঙ্গে অন্তত ডোয়েক 'এ' লেভেল কোর্স করে থাকতে হবে। অথবা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা, সঙ্গে ডোয়েক 'বি' বা 'সি' লেভেল কোর্স পাশ। অথবা দূরশিক্ষায় কোনও বিশ্ববিদ্যালয় দ্বারা স্বীকৃত ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে ব্যাচেলর্স ডিগ্রি। অথবা কম্পিউটার সায়েন্সে বি ই বা বি টেক বা বি এসসি বা এম এসসি। অথবা সায়েন্সের যে-কোনও শাখায় বি এসসি, সঙ্গে ইনফর্মেশন টেকনোলজিতে এম এসসি। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে), টাইপ টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন আসবে ইংরেজি, বাংলা, এরিথমেটিক, জেনারেল নলেজ (বিশেষত রুর্যাল লাইফ ও রুর্যাল ডেভেলপমেন্ট) এবং সংশ্লিষ্ট বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.dlscud.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## গ্রহণযোগ্যতা ফিরিয়ে আনতে কমিশনকে অবিলম্বে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে

মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী এবং ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান ও ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি বোর্ডের চেয়ারম্যানের নিকট আমার বক্তব্য, অনেক আর্থিক কষ্ট স্বীকার করে বি এড প্রশিক্ষণ নিয়েছিলাম। শুধুমাত্র জীবনে শিক্ষকতাকে পেশা হিসেবে গ্রহণ করব বলেই আমার ও আমার পরিবারের এই কৃচ্ছ্রসাধন। আশা ছিল, এখন কষ্ট করে পরে চাকরি পেয়ে পরিবারের আর্থিক কষ্ট ও সামাজিক অবজ্ঞা দূর করব। কিন্তু এখন মনে হচ্ছে, সে আশা সুদূর-পরাহত। প্রাইমারি বোর্ড আয়োজিত প্রাইমারি-টেট এবং এস এস সি আয়োজিত পঞ্চম থেকে অষ্টম, নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির প্রত্যেকটি লিখিত পরীক্ষাতেই আমি অংশগ্রহণ করেছি। আপার প্রাইমারি পরীক্ষায় সফল হয়েছি। কিন্তু তার পর ভেরিফিকেশন কিংবা ইন্টারভিউ, কোনও কিছুর জন্যই আর ডাক পাইনি। কিন্তু নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির পরীক্ষায় আদৌ সফল হয়েছি কি না, কত নম্বর পেয়েছি, কত জন পাশ করেছেন, শেষ পর্যায় কত নম্বর-প্রাপ্ত প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়েছে, কমিশনের তরফে কিছুই জানানো হয়নি। সকলের কাছে অনুরোধ, দয়া করে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করুন। আমাদের মতো অনেক প্রার্থী শুধু এই পরীক্ষার ফলের দিকে চেয়েই আশায় আশায় দিন গুনছে। সুবিচারের আশায় রইলাম।

**রীতা পাল, পূর্ব মেদিনীপুর।**

> আপার প্রাইমারি পরীক্ষায় সফল হয়েছি। কিন্তু তার পর ভেরিফিকেশন কিংবা ইন্টারভিউ, কোনও কিছুর জন্যই আর ডাক পাইনি। কিন্তু নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির পরীক্ষায় আদৌ সফল হয়েছি কি না, কত নম্বর পেয়েছি, কত জন পাশ করেছেন, শেষ পর্যায় কত নম্বর-প্রাপ্ত প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়েছে, কমিশনের তরফে কিছুই জানানো হয়নি।

## একই দিনে একাধিক পরীক্ষা

আগামী ১৩ মে একাধিক গুরুত্বপূর্ণ পরীক্ষা রয়েছে, যার জেরে চিন্তায় পরীক্ষার্থীরা। প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে আসন্ন শিক্ষাবর্ষে স্নাতকস্তরে ভর্তির জন্য ওই দিন অর্থনীতি, জীবন বিজ্ঞান, ভূতত্ত্ব-সহ আটটি বিষয়ে প্রবেশিকা পরীক্ষার ব্যবস্থা করেছে রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। আবার, সেই দিনই আছে আই এস আই-এর প্রবেশিকা। ফলে অর্থনীতির ছাত্রদের যে-কোনও একটি প্রতিষ্ঠানকে বেছে নিতে হবে। আবার কর্নাটকের ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল এবং ডেন্টালে ভর্তির প্রবেশিকা পরীক্ষাও ওই দিনই। ওই রাজ্যের ১৫০টি ইঞ্জিনিয়ারিং কলেজ, ১২টি মেডিক্যাল এবং ২৫টি ডেন্টাল কলেজে ভর্তির দেশ জুড়ে বিভিন্ন শহরে প্রবেশিকা পরীক্ষা নেওয়া হবে। এ ক্ষেত্রেও জীবনবিজ্ঞান ও ভূতত্ত্ব বিষয়ের পরীক্ষার্থীদের প্রেসিডেন্সি বা কর্নাটকের প্রবেশিকা পরীক্ষার মধ্যে একটিকে বেছে নিতে হবে। এ ছাড়া ন্যাশনাল ইউনিভার্সিটি অব অ্যাডভান্সড লিগ্যাল স্টাডিজ ওই দিন সর্বভারতীয় কমন ল অ্যাডমিশন টেস্ট (ক্ল্যাট)-এর ব্যবস্থা করেছে। একই দিনে গুরুত্বপূর্ণ সব পরীক্ষা থাকায় যথেষ্ট বিপাকে পড়েছেন পরীক্ষার্থীরা। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুবিচারের আশায় রইলাম।

**জয়দীপ সামন্ত, দেওয়ানচক, পশ্চিম মেদিনীপুর।**

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## এখনও আবেদন করতে পারেন

# রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর

সাব-ইনস্পেক্টর এবং মহিলা সাব-ইনস্পেক্টর পদে ১,৫২৭ জনকে নেবে পশ্চিমবঙ্গ পুলিশ। নিয়োগ করা হবে আন-আর্মড ও আর্মড ব্রাঞ্চে। মহিলারা কেবল আন-আর্মড ব্রাঞ্চের জন্য আবেদন করতে পারবেন। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। ২ বছরের প্রবেশন। উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ৩০ মার্চ সংখ্যায় 'পশ্চিমবঙ্গ পুলিশে ৬১০০ কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে আগ্রহী প্রার্থীদের অবগতির জন্য এই নিয়োগের খবর আগাম জানানো হয়েছিল। ইতিমধ্যে সাব-ইনস্পেক্টরের শূন্যপদের সংখ্যা ৮০০ থেকে বেড়ে হয়েছে ১,৫২৭টি।

**শূন্যপদের বিন্যাস:** আন-আর্মড ব্রাঞ্চ: মোট ১,১৯৪টি। পুরুষ: ১০৪৪টি (সাধারণ ৫৭৪, তফসিলি জাতি ২২৬, তফসিলি উপজাতি ৬০, ও বি সি-এ ১১০, ও বি সি-বি ৭৪), মহিলা: ১৫০টি (সাধারণ ৮৩, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ৯, ও বি সি-এ ১৪, ও বি সি-বি ১১)। আর্মড ব্রাঞ্চ: পুরুষ: ৩৩৩টি (সাধারণ ১৬৭, তফসিলি জাতি ৯১, তফসিলি উপজাতি ১৯, ও বি সি-এ ৩০, ও বি সি-বি ২৬)।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীকে বাংলা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (দার্জিলিং ও কালিম্পং জেলার বিভিন্ন সাব-ডিভিশনের স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

**দৈহিক মাপজোক:** আন-আর্মড ব্রাঞ্চ: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৬৭ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৯ সেমি ও ৮৪ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)। ওজন অন্তত ৫৬ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৫২ কেজি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা ১৬০ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। ওজন অন্তত ৪৮ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৪৫ কেজি)। আর্মড ব্রাঞ্চ: উচ্চতা: ১৭৩ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬৩ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮৬ সেমি ও ৯১ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬ সেমি)। ওজন অন্তত ৬০ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে অন্তত ৫৪ কেজি)।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল কম্বাইন্ড কম্পিটিটিভ পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। মনে রাখবেন, প্রিলিমিনারি পরীক্ষা শুধু একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। ফাইনাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (১০০ নম্বর), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (৫০ নম্বর) এবং অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ে। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক মাপজোক যাচাইয়ের পর দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার (মহিলাদের ক্ষেত্রে ২ মিনিটে ৪০০ মিটার) দৌড়।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ২০০ নম্বরের ফাইনাল পরীক্ষা নেওয়া হবে তিনটি পত্রে। পেপার-ওয়ানে প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (৫০ নম্বর), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (২৫ নম্বর) এবং অ্যারিথমেটিক (২৫ নম্বর) বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা।

পেপার-টুতে থাকবে ইংরেজিতে ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, ইংরেজি ব্যাকরণ, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন। মোট নম্বর ৫০। সময়সীমা ১ ঘণ্টা। পেপার থ্রিতে (৫০ নম্বর) নেওয়া হবে বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালির মধ্যে যে-কোনও একটি ভাষার পরীক্ষা। থাকবে রিপোর্ট লেখা এবং ইংরেজি থেকে বাংলা বা নেপালি অথবা হিন্দি বা উর্দু থেকে বাংলা ভাষায় ট্রানস্লেশন। সময়সীমা ১ ঘণ্টা।

লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে পার্সোন্যালিটি টেস্টের (৩০ নম্বর) জন্য। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.policewb.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ মে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট (৪.৫×৩.৫ সেমি) মাপের ফটো (অবশ্যই সাদা রঙের ব্যাকগ্রাউন্ড হতে হবে, ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং ১.৭×৯.২ সেমি মাপের সই (৫ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। দরখাস্তের ওপর অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর আছে কিনা দেখে নেবেন। দরখাস্তের বয়ান পূরণ করবেন যথাযথভাবে।

এছাড়াও পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড স্বীকৃত সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে অতিরিক্ত ২৩ টাকার বিনিময়ে অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ২৭০ টাকা (পশ্চিমবঙ্গের তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে কেবল প্রসেসিং ফি বাবদ ২০ টাকা)। অনলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ই-ওয়ালেটের মাধ্যমে। এক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ দিতে হবে অতিরিক্ত ৫ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। অনলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমেও।

*এরপর পনেরোর পাতায়*

# ইসরোয় টেকনিশিয়ান, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ড্রাফটসম্যান

৪৯ জন টেকনিশিয়ান, ড্রাফটসম্যান ও টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো) স্যাটেলাইট সেন্টার। টেকনিশিয়ান ও টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট নিয়োগ হবে বিভিন্ন ট্রেডে।

ট্রেড অনুসারে টেকনিশিয়ানের শূন্যপদ: পোস্ট কোড: টি ই ০১: **ইলেক্ট্রনিক্স মেকানিক/টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক সিস্টেমস/মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক অ্যাপ্লায়েন্সেস/মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স:** শূন্যপদ ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ ক্ষীণদৃষ্টি-সংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডগুলির কোনওটিতে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

পোস্ট কোড: টি ই ০২: **ফিটার:** শূন্যপদ ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ একটি বা উভয় পা-ই ক্ষতিগ্রস্ত, এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে ফিটার ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

পোস্ট কোড: টি ই ০৩: **কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স/ ইনফর্মেশন টেকনোলজি/আই টি অ্যান্ড ইলেক্ট্রনিক সিস্টেম মেন্টেন্যান্স/ইনফর্মেশন কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স:** শূন্যপদ ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

পোস্ট কোড: টি ই ০৪: **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে ইলেক্ট্রিক্যাল ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

পোস্ট কোড: টি ই ০৬: **রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং:** শূন্যপদ ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

পোস্ট কোড: টি ই ০৭: **গ্রাইন্ডার:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে গ্রাইন্ডার ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

পোস্ট কোড: টি ই ০৮: **ম্যাসন:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে ম্যাসন ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

টেকনিশিয়ান পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে।

পোস্ট কোড: ডি এম ০১: **ড্রাফটসম্যান-মেকানিক্যাল:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

পোস্ট কোড: ডি এম ০২: **ড্রাফটসম্যান-সিভিল:** শূন্যপদ ১টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে মেকানিক্যাল ডিসিপ্লিনের ক্ষেত্রে ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ট্রেডে এবং সিভিল ডিসিপ্লিনের ক্ষেত্রে ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট।

ড্রাফটসম্যান পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট নিয়োগ হবে মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স ও অটোমোবাইল ট্রেডে।

ট্রেড অনুসারে শূন্যপদ: পোস্ট কোড: টি এ ০১: **মেকানিক্যাল:** শূন্যপদ ১টি (ও বি সি)।

পোস্ট কোড: টি এ ০২: **ইলেক্ট্রনিক্স:** শূন্যপদ ৩টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)।

পোস্ট কোড: টি এ ০৩: **কম্পিউটার সায়েন্স:** শূন্যপদ ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

পোস্ট কোড: টি এ ০৪: **অটোমোবাইল:** শূন্যপদ ১টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে প্রথম শ্রেণির ডিপ্লোমা।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের নির্দিষ্ট পদ্ধতি এখনও জানানো হয়নি। তবে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে প্রার্থীর জ্ঞান যাচাই করা হবে।

**বয়স:** সবক'টি পদের ক্ষেত্রেই ১১-৫-২০১৮ তারিখে বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতন:** টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৪৪,৯০০ টাকা এবং টেকনিশিয়ান-বি ও ড্রাফটসম্যান-বি পদের ক্ষেত্রে ২১,৭০০ টাকা। সব ক্ষেত্রেই সঙ্গে যুক্ত হবে ভাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে ২১ এপ্রিল থেকে ১১ মে-র মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। অনলাইন-অফলাইন, উভয় ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে রেজিস্ট্রেশন নম্বর-সহ 'মেক পেমেন্ট' ওয়েব পেজ পাওয়া যাবে। রেজিস্ট্রেশন নম্বরটি টুকে রাখবেন। ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে ফি জমা দিতে চাইলে এস বি আই চালান ডাউনলোড করে তার প্রিন্ট আউট নেবেন। মনে রাখবেন, চালান ডাউনলোড করার তারিখ থেকে পরবর্তী তিন দিনের মধ্যে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কোনও শাখায় ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ দিন ১১ মে। খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

## কবে কোন পরীক্ষা

বিজ্ঞপ্তি নম্বর 12/WBSSC/2016 অনুসারে পশ্চিমবঙ্গ সরকারে মোটর ভেহিক্যালস ইনস্পেক্টর (নন-টেকনিক্যাল) পদে নিয়োগের ইন্টারভিউ ২৩ এপ্রিল থেকে ২৬ এপ্রিল। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in


## মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- **Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001** অথবা মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন কুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৮** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন কুইজ

1. প্যারিস বিমানবন্দরের নামকরণ ইউরোপের কোন রাষ্ট্র-নেতার নামে হয়েছে?
   A. বিসমার্ক B. চার্লস ডি গল C. জাঁ রেনোয়া
2. ১৯৯০ সালে বি আর আম্বেকরের পাশাপাশি কোন বিদেশি রাষ্ট্রনায়ককে ভারতরত্ন পুরস্কার দেওয়া হয়?
   A. জন মেজর B. নেলসন ম্যান্ডেলা C. মার্গারেট থ্যাচার
3. নিউ ওয়ার্ল্ড ওয়েলথ রিপোর্টের ২০১৭ সালের ধনী দেশের তালিকায় ভারত কত নম্বরে জায়গা পেয়েছে?
   A. তৃতীয় B. ষষ্ঠ C. ষোড়শ
4. ২০১৭ সালের দাদা সাহেব ফালকে পুরস্কার কে পান?
   A. অমিতাভ বচ্চন B. ওম পুরি C. বিনোদ খান্না
5. ২০১৭ সালের ৬৫-তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে কোন ছবি শ্রেষ্ঠ চলচ্চিত্রের সম্মান পায়?
   A. হিন্দি ছবি *নিউটন* B. বাংলা ছবি *নগরকীর্তন* C. অসমীয়া ছবি *ভিলেজ রকস্টার*।
6. ৬৫-তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে কে শ্রেষ্ঠ অভিনেতার পুরস্কার পান? A. শাহরুখ খান B. মাধবন C. ঋদ্ধি সেন
7. কমনওয়েলথ গেমসে ভারতের কনিষ্ঠতম স্বর্ণপদকজয়ী কে? A. শুটার অনীশ ভানওয়ালা B. শুটার তেজস্বিনী সাওয়ান্ত C. অঞ্জুম মউদগিল
8. ভারতের প্রতিবেশী কোন দেশ সম্প্রতি সরকারি কাজে সমস্ত রকম সংরক্ষণ তুলে দেওয়ার কথা ঘোষণা করেছে?
   A. শ্রীলঙ্কা B. বাংলাদেশ C. মায়ানমার
9. ৬৫-তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে কোন ছবি জাতীয় সংহতির নার্গিস দত্ত পুরস্কার পায়?
   A. বাংলা ছবি *লাদাখ* B. মারাঠি ছবি *ধাপ্পা* C. মালয়ালম ছবি *আলোরুক্কম*
10. জাতীয় চলচ্চিত্র উৎসবে চলচ্চিত্র সম্পর্কিত শ্রেষ্ঠ বইয়ের সম্মান পেয়েছে *মাটমাগি মণিপুর - দ্য ফার্স্ট মণিপুরি ফিচার ফিল্ম*। লেখক কে?
    A. ইরম চানু শর্মিলা B. ববি ওয়াহেঙ্গবাম C. এম কে বিনোদিনী দেবী
11. কমনওয়েলথ গেমসে কোন ভারতীয় মহিলা টেনিস খেলোয়াড় স্বর্ণপদক জেতেন?
    A. মৌমা দাস B. মণিকা বাত্রা C. মধুরিকা পাটকর
12. কমনওয়েলথ গেমসে কোন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার প্রথম স্বর্ণপদক জেতেন? A. দেবেন্দ্র ঝাঝারিয়া B. নীরজ চোপরা C. কাশীনাথ নায়েক

### উত্তর

সঠিক উত্তরটির পাশের বাক্সে X চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ☐ | B ☐ | C ☐ |
| 2. | A ☐ | B ☐ | C ☐ |
| 3. | A ☐ | B ☐ | C ☐ |
| 4. | A ☐ | B ☐ | C ☐ |
| 5. | A ☐ | B ☐ | C ☐ |
| 6. | A ☐ | B ☐ | C ☐ |
| 7. | A ☐ | B ☐ | C ☐ |
| 8. | A ☐ | B ☐ | C ☐ |
| 9. | A ☐ | B ☐ | C ☐ |
| 10. | A ☐ | B ☐ | C ☐ |
| 11. | A ☐ | B ☐ | C ☐ |
| 12. | A ☐ | B ☐ | C ☐ |

মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন কুইজ

Name: ..........

Address: ..........

Pin Code: ..........

Ph./Mob. No.: ..........

এপ্রিল, ২০১৮

ডিসেম্বর, ২০১৭ কুইজের উত্তর: 1-B, 2-B, 3-A, 4-B, 5-B, 6-?, 7-A, 8-B, 9-C, 10-B, 11-B, 12-A

ডিসেম্বর, ২০১৭ কুইজে পুরস্কার জয়ী : আনন্দ মিত্র, কলকাতা; আশিস রজক, কলকাতা; দীপায়ন ঘোষ, হাওড়া; জীতেন্দ্র নাথ বসু, দক্ষিণ ২৪ পরগনা; প্রভাত দাস, দক্ষিণ ২৪ পরগনা। পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা।

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৭ এপ্রিল-১২ এপ্রিল

**৭ এপ্রিল** কৃষ্ণসার হরিণ হত্যাকাণ্ডে দু'দিন হাজতবাসের পর জামিন পেলেন সলমন খান। বলিউড অভিনেতাকে দোষী সাব্যস্ত করে সাজা দিয়েছেন যে বিচারক তিনি সহ ১৩৪ জন বিচারককে রাজস্থান হাইকোর্ট বদলির নির্দেশ জারি করেছে।

**অস্ট্রেলিয়ায় কমনওয়েলথ গেমসের** তৃতীয় দিনে চোট নিয়েও সোনা জিতলেন দক্ষিণ ভারতের দুই ভারোত্তোলক সতীশ শিবলিঙ্গম ও ভেঙ্কট রাহুল রাগালা। ভারতীয় পুরুষ ভারোত্তোলকদের মধ্যে পরপর দু'টো গেমসে সোনা জিতে নজির গড়লেন সতীশ। ৭৭ কেজি বিভাগে সতীশ তুলেছেন ৩১৭ কেজি। অন্যদিকে, ৮৫ কেজি বিভাগে রাহুল তুলেছেন ৩৩৮ কেজি।



> নিজেদের প্রশ্ন করতে হবে, অধৈর্য হয়ে কি আমরা গণতন্ত্রের বদলে একনায়ক তন্ত্রকে বেছে নিচ্ছি? তাতে হয়তো সাময়িক ফল হতে পারে, কিন্তু ভবিষ্যতে দেশ ধ্বংসে হয়ে যাবে।

ডঃ মনমোহন সিং, *প্রাক্তন প্রধানমন্ত্রী*

*দেশের গণতান্ত্রিক ব্যবস্থার কাঠামো দুর্বল হয়ে পড়ছে বলে উদ্বেগ প্রকাশ করে*

অর্থ এবং পেশিশক্তির অত্যধিক ব্যবহারের ফলে দেশের নির্বাচনী ব্যবস্থার ভিত দুর্বল হয়ে পড়ছে বলে জানালেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। এই সঙ্কট দূর করতে হলে নির্বাচনী ব্যবস্থার সংস্কার প্রয়োজন বলে তিনি জানান। পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের এক বক্তৃতায় তিনি বলেন, 'ভারতের নির্বাচনী ব্যবস্থা অনেক বাধা পেরিয়ে এসেছে। ধ্বংস করেছে সামন্ত-তান্ত্রিক ব্যবস্থা। সামাজিক, আর্থিক বা রাজনৈতিক সুবিধা না পাওয়া ব্যক্তিদেরও ক্ষমতার শীর্ষে যাওয়ার সুযোগ এনে দিয়েছে।' বর্তমানে গণতান্ত্রিক নির্বাচনের ওপর মানুষের আস্থা হারিয়ে যাচ্ছে বলে মনে করেন তিনি। মানুষের স্বার্থে কাজ করবে এমন একটি সরকার গঠন করা যাচ্ছে না। রাজনীতিতে দুর্নীতি বেড়েছে। রাজনৈতিক দল ও নির্বাচিত জনপ্রতি-নিধিদের কায়েমি স্বার্থ গ্রাস করে নিয়েছে। গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির ওপর ক্রমাগত আক্রমণও চলছে। তাঁর মতে, 'নির্বাচনী ব্যবস্থাকে সাফ করা ও ভারতের গণতন্ত্রকে শক্তিশালী করতে সংস্কার প্রয়োজন'।

## সিরিয়ায় রাসায়নিক হামলার অভিযোগ



৮ এপ্রিল: সিরিয়ায় ফের রাসায়নিক হামলার অভিযোগ উঠল। দামাস্কাসের পূর্বে বিদ্রোহী-অধ্যুষিত দুমা শহরতলি এলাকায় এই হামলায় ৮০ জনেরও বেশি প্রাণ হারিয়েছেন বলে খবর পাওয়া গেছে। মৃতদের মধ্যে বেশ কয়েকজন শিশুও রয়েছে। অসমর্থিত সূত্রের দাবি মৃতের সংখ্যা ১৫০ বা তারও বেশি হতে পারে। চোখে জ্বালা ও শ্বাসকষ্ট নিয়ে ৫০০-রও বেশি মানুষ হাসপাতালে ভর্তি হয়েছেন। বিরোধীরা এই হামলার দায় চাপিয়েছে প্রেসিডেন্ট বাশার আল আসাদের ওপর। আন্তর্জাতিক সব গোষ্ঠীই এই ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছে। অবিলম্বে তদন্তের ডাক দিয়েছে ব্রিটিশ বিদেশ দপ্তর। তাদের বক্তব্য অভিযোগ সত্যি হলে আসাদ সরকারের নিষ্ঠুরতার প্রমাণ মিলবে। বেশিরভাগ মানুষ নিজেদের বাড়িতে দমবন্ধ হয়েই মারা গেছেন বলে উদ্ধারকারীরা জানিয়েছেন। সিরিয়ার সরকারি সংবাদমাধ্যম রাসায়নিক হামলার অভিযোগ পুরোপুরি উড়িয়ে দিয়েছে। তারা জানিয়েছে, কোণঠাসা হয়ে পড়ার ফলে দুমার বিদ্রোহী গোষ্ঠী জাল ভিডিও ছড়িয়ে দিয়ে আন্তর্জাতিক সমর্থন আদায় করার চেষ্টা করছে। সিরিয়ার বন্ধু দেশ রাশিয়াও রাসায়নিক হামলার অভিযোগ মানতে অস্বীকার করেছে।

**৮ এপ্রিল** পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের প্রায় ১৩ হাজার কোটি টাকা প্রতারণার দায়ে অভিযুক্ত আন্তর্জাতিক হিরে ব্যবসায়ী মামা-ভাগ্নে মেহুল চোক্সি ও নীরব মোদীর বিরুদ্ধে জামিন-অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করল সিবিআইয়ের বিশেষ আদালত। মুম্বইয়ের বিশেষ সিবিআই আদালত এই নির্দেশ জারি করেছে। এরপরে অভিযুক্ত দুই ব্যবসায়ীর বিরুদ্ধেই ইন্টারপোলের 'রেড কর্নার নোটিস' বা আন্তর্জাতিক গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। উল্লেখ্য, মামা-ভাগ্নে গত জানুয়ারির প্রথম সপ্তাহেই ভারত ছেড়ে বিদেশে গা ঢাকা দেন। তারপরেই ব্যাঙ্ক জালিয়াতির ঘটনা প্রকাশ্যে আসে।

**৯ এপ্রিল** সিরিয়ার পূর্ব ঘৌতায় রাসায়নিক হামলা হয়েছে বলে পশ্চিমি দেশগুলি যে দাবি তুলেছে তার প্রমাণ চাইল রাশিয়া। সিরিয়ার পাশে দাঁড়িয়ে রাশিয়া বলেছে রাসায়নিক হামলার কোনও প্রমাণ ঘটনাস্থলে পাওয়া যায়নি। রুশ বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ বলেছেন,'আমাদের সেনাবাহিনীর বিশেষজ্ঞরা ওই এলাকা ঘুরে দেখেছেন। সঙ্গে ছিলেন সিরিয়ার রেড ক্রিসেন্টের প্রতিনিধিরা। তাঁরা দুমায় সাধারণ মানুষের ওপর ক্লোরিন বা অন্য কোনও রাসায়নিক পদার্থ ব্যবহারের প্রমাণ পাননি।' লাভরভের দাবি, তাঁরা নিরপেক্ষ তদন্তের পক্ষে। কিন্তু, প্রমাণ ছাড়াই সিরিয়ার ওপর দোষ চাপানো হচ্ছে।

**তৃতীয় বারের জন্য নির্বাচনে জিতে** হাঙ্গেরির প্রধানমন্ত্রী হলেন ভিক্টর ওরবান। কূটনীতিকদের একটা বড় অংশ অবশ্য দাবি করেছে, মুসলিম বিদ্বেষী এবং অভিবাসন বিরোধী প্রচার করেই ফায়দা তুলেছেন অতি দক্ষিণপন্থী ওরবান। ভোটে জিতে বুদাপেস্টের দানিয়ুব নদীর ধারে এক জনসভায় ওরবান বলেন, 'গোটা হাঙ্গেরির জন্যই এটা বড় জয়।' ভোটে জেতার পর ওরবানকে প্রথম শুভেচ্ছাও জানিয়েছেন ফ্রান্সের অতি দক্ষিণপন্থী নেত্রী মারিন।

## কাঠুয়া ও উন্নাওয়ের ঘটনায় তোলপাড় দেশ




১২ এপ্রিল: জম্মুর কাঠুয়া এবং উত্তরপ্রদেশের উন্নাওতে দু'টি ধর্ষণের ঘটনা ঘিরে আলোড়ন উঠল দেশজুড়ে। বাকেরওয়াল যাযাবর সম্প্রদায়ের আট বছরের মেয়ে আসিফা ১০ জানুয়ারি বাড়ি থেকে ঘোড়াকে ঘাস খাওয়াতে বেরিয়ে নিখোঁজ হয়ে যায়। ১৭ জানুয়ারি ধর্ষিত ও মৃত অবস্থায় একটি জঙ্গল থেকে উদ্ধার হয় আসিফার দেহ। আসিফাকে অপহরণ করে একটি ধর্মস্থানে আটকে রেখে নির্যাতন ও খুনের অভিযোগ উঠেছে। আসিফা নিখোঁজ হওয়ার পর ১২ জানুয়ারি হিরানগর থানায় অভিযোগ দায়ের করেন তার বাবা মহম্মদ ইউসুফ। ২২ জানুয়ারি ক্রাইম ব্রাঞ্চের হাতে যায় মামলাটি। ঘটনার মূল অভিযুক্ত ধর্মীয় স্থানের কেয়ারটেকার তথা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী সাঞ্জি রাম, তার ছেলে বিশাল জানগোত্রা ও নাবালক ভাইপো। এছাড়া স্পেশাল পুলিশ অফিসার দীপক খাজুরিয়া ও সুরিন্দর কুমার, রাসানার বাসিন্দা প্রবেশ কুমার, সহকারী সাব ইনস্পেক্টর আনন্দ দত্ত, হেড কনস্টেবল তিলক রাজকেও প্রমাণ লোপাট ও অন্যান্য অপরাধে অভিযুক্ত করা হয়েছে। অন্যদিকে উন্নাওয়ের ধর্ষণের ঘটনায় ৬ মাস ধরে বিচার চেয়ে অবশেষে ধর্ষণের এফআইআর দায়ের হল বিজেপি বিধায়ক কুলদীপ সিং সেনগরের নামে। এলাহাবাদ হাইকোর্ট এদিন রাজ্যসরকারকে ভর্ৎসনা করে বলেছে ধর্ষণের মতো গুরুতর অভিযোগ ওঠার পরও বিধায়ককে গ্রেপ্তার করা হল না কেন? উত্তরপ্রদেশ প্রশাসন আদালতে জানিয়েছে কুলদীপকে গ্রেপ্তার করার মতো যথেষ্ট প্রমাণ তাদের হাতে নেই। তবে রাজ্য প্রশাসন তদন্তভার সিবিআইয়ের হাতে তুলে দিয়েছে। ছবি: পিটিআই

**হিমাচল প্রদেশে খাদে স্কুলবাস পড়ে** গিয়ে ৩০ জনের মর্মান্তিক মৃত্যু হল। মৃতদের মধ্যে ২৭ জনই স্কুল পড়ুয়া বলে জানিয়েছেন সে রাজ্যের পরিবহণ মন্ত্রী গোবিন্দ সিং ঠাকুর। ঘটনাটি ঘটেছে কাংড়া জেলার নুরপুরে। পড়ুয়াদের বয়স ৫ থেকে ১০ বছরের মধ্যে। বাসটির ৬৭ বছর বয়সি চালক ও দুই শিক্ষিকারও মৃত্যু হয়েছে।

**১০ এপ্রিল** সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল-আসাদ প্রশাসনের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার ইঙ্গিত দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সে দেশের বিদ্রোহী নিয়ন্ত্রিত দুমায় কয়েকদিন আগেই রাসায়নিক হামলার অভিযোগ ওঠে আসাদ প্রশাসনের বিরুদ্ধে। দুমায় মৃতের সংখ্যা ৮০ ছাড়িয়েছে। হাসপাতালে চিকিৎসাধীন আছেন ৫০০-রও বেশি মানুষ। এর পরিপ্রেক্ষিতেই ট্রাম্প সাংবাদিকদের বলেন,'সামরিকভাবে অনেক পদক্ষেপই করতে পারি। শীঘ্রই এ নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। উচিত জবাব দিতেই হবে সিরিয়াকে।'

**ব্রিটেনের হাসপাতাল থেকে ছাড়া পেলেন** স্ক্রিপাল কন্যা ইউলিয়া। গত কয়েক সপ্তাহে শারীরিক অবস্থার উন্নতি হয়েছে সের্গেই স্ক্রিপাল ও তাঁর কন্যা ইউলিয়ার। এ দিন সালিসবারি জেলা হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে ৩৩ বছর বয়সি ইউলিয়াকে। তাঁকে গোপন কোনও নিরাপদ স্থানে রাখা হয়েছে। উল্লেখ্য, মস্কো থেকে বাবাকে দেখতে ব্রিটেনে আসার পরদিনই সালিসবারির এক পার্কে অচৈতন্য অবস্থায় পাওয়া যায় ব্রিটেনের প্রাক্তন রুশ চর সের্গেই ও তার কন্যা ইউলিয়াকে। তাঁদের চিকিৎসা শুরু হওয়ার পর জানা যায় তাঁরা এমন রাসায়নিক (নার্ভ এজেন্ট)-এর সংস্পর্শে এসেছেন যা সাধারণত সামরিক বাহিনীর হাতে থাকে। ব্রিটেন দাবি করে এটা রাশিয়ারই কাজ এবং ওই রাসায়নিক-টির নাম 'নভিচক'। রাশিয়াও পাল্টা দাবি করেছে, নিজেদের সামরিক বরাদ্দ বাড়াতে ব্রিটেন এই কাজ করেছে। এরপর অবশ্য সের্গেই স্ক্রিপালের সাক্ষ্যই রাসায়নিক হামলার অভিযোগে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে বলে অনুমান করা হচ্ছে। তবে স্ক্রিপাল আগের থেকে ভালো থাকলেও তিনি এখনও সাক্ষ্য দেওয়ার মতো অবস্থায় নেই বলে ব্রিটিশ প্রশাসন সূত্রে জানানো হয়েছে। লন্ডনের রুশ দূতাবাস টুইট করে ইউলিয়াকে শুভেচ্ছা জানিয়েছে। মস্কো ইউলিয়াকে দেশে ফেরানোর চেষ্টা করলেও ইউলিয়া রাজনৈতিক আশ্রয়ের জন্য ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে-র কাছে আবেদন জানাতে পারেন বলে একটি কূটনৈতিক সূত্র মনে করছে।

## সংরক্ষণ নিয়ে উত্তাল বাংলাদেশ



৯ এপ্রিল: সরকারি চাকরিতে বিপুল সংরক্ষণের প্রতিবাদে উত্তাল হয়ে উঠল বাংলাদেশ। ঢাকা-সহ দেশের বিভিন্ন এলাকায় পুলিশ-বিক্ষোভকারীদের সংঘর্ষে একশোরও বেশি আন্দোলনকারী আহত হয়েছেন। এদের মধ্যে অনেক পুলিশকর্মীও আছেন। সরকারি চাকরিতে সংরক্ষণ বাড়ানো নিয়েই গন্ডগোলের সূত্রপাত। বর্তমানে বাংলাদেশে সরকারি চাকরির ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের পরিবারের জন্য ৩০ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা আছে। এর বাইরেও মহিলাদের জন্য ১০ শতাংশ এবং অন্যান্য নানা ক্ষেত্রে সংরক্ষণ মিলিয়ে মোট সংরক্ষণের পরিমাণ প্রায় ৫৬ শতাংশ। এই বিপুল সংরক্ষণের প্রতিবাদেই রাস্তায় নামেন বিক্ষোভকারীরা। তাঁদের বক্তব্য, দেশের মোট ৫৫ শতাংশ চাকরি ৫ শতাংশ দেশবাসীর জন্য সংরক্ষিত রয়েছে। তাঁদের দাবি, অবিলম্বে এই সংরক্ষণ ব্যবস্থার সংস্কার করতে হবে। প্রতিবাদে নামা নেতাদের একাংশের দাবি উচ্চমানের সরকারি চাকরির ক্ষেত্রে ১০ শতাংশের বেশি সংরক্ষণ থাকা উচিত নয়। মুক্তিযোদ্ধাদের পরিবারের জন্য নির্দিষ্ট করা ৩০ শতাংশ সংরক্ষণ নিয়েই মূলত আপত্তি তাদের। বিক্ষোভকারীদের হুঁশিয়ারি, অবিলম্বে সংরক্ষণ ব্যবস্থায় আমূল পরিবর্তন না নেওয়া হলে আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবেন তাঁরা। ছবি: পিটিআই

**২০১৮ সালের এশিয়া কাপ ক্রিকেট** ভারত থেকে সরিয়ে নিয়ে যাওয়া হল সংযুক্ত আরব আমিরশাহিতে। পাকিস্তান ক্রিকেট বোর্ডের আবেদনেই এই সিদ্ধান্ত নিয়েছে এশীয় ক্রিকেট কাউন্সিল। ১৩ থেকে ২৮ সেপ্টেম্বর দুবাই এবং আবুধাবিতে এই প্রতিযোগিতা চলবে।

**১১ এপ্রিল** আলজেরিয়ায় সেনা বিমান দুর্ঘটনায় ২৫৭ জন প্রাণ হারালেন। সে দেশের বউফারিক বিমানঘাঁটি থেকে বিমানটি যাচ্ছিল দক্ষিণ-পশ্চিম আলজেরিয়ার তিনডুফ। মাটি ছাড়ার কিছুক্ষণের মধ্যেই বিমানটি ভেঙে পড়ে। নিহতদের মধ্যে সেনা অফিসাররা ছাড়াও ছিলেন তাঁদের পরিবারের সদস্যরা। দেশের প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে ভয়াবহ এই দুর্ঘটনায় কারোরই বেঁচে থাকার সম্ভাবনা নেই। সরকারি হিসেব অনুযায়ী ইলিয়াসিন আইএল-৭৬ বিমানটিতে যাত্রী ছিলেন ২৪৭ জন। বিমানকর্মী ১০ জন। এর আগেও অবশ্য বড় ধরনের বিমান দুর্ঘটনা হয়েছে আলজেরিয়ায়। ২০১৪ সালেও একটি সি-১৩০ বিমান পাহাড়ি অঞ্চলে ভেঙে মারা যান ৭০ জন সেনা অফিসার এবং তাঁদের পরিবারের সদস্যরা।

**বাংলাদেশে সংরক্ষণের প্রতিবাদে হওয়া** আন্দোলনের জেরে সব সংরক্ষণই বাতিল করলেন সে দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই পদক্ষেপে কিছুটা ফাঁপরেই পড়েছে আন্দোলনকারীদের একাংশ। তাঁদের এক নেতার কথায়, 'আমরা তো সব কোটা তুলে দিতে বলিনি। শুধু সংস্কারের কথা বলেছি।' অন্যদিকে 'মুক্তিযোদ্ধা সন্তান কম্যান্ড' নামে একটি সংগঠন ঘোষণা করেছে, সরকারি চাকরিতে নির্ধারিত সংরক্ষণ ফিরিয়ে আনতে তারা এ বার আন্দোলনে নামবে।

## মুম্বইয়ে শুরু এ বছরের আইপিএল



৭ এপ্রিল: মুম্বই ইন্ডিয়ানস ও চেন্নাই সুপার কিংসের খেলার মধ্যে দিয়ে মুম্বইয়ে শুরু হল একাদশ আইপিএল ক্রিকেট প্রতিযোগিতা। বল বিকৃতির কেলেঙ্কারির জন্য স্টিভ স্মিথ ও ডেভিড ওয়ার্নারকে প্রতিযোগিতা থেকে সরে যেতে হওয়ায় এবারের আইপিএলে বিদেশি অধিনায়ক বলতে রয়েছেন শুধু কেন উইলিয়ামসন। অভিজ্ঞ ক্যাপ্টেনদের মধ্যে ধোনি, বিরাট, গম্ভীর, রোহিত যেমন থাকছেন তেমনই প্রথমবার টি-টোয়েন্টিতে অধিনায়কত্ব করবেন রবিচন্দ্রন অশ্বিন, রাহানে ও দীনেশ কার্তিক। এ দিন উদ্বোধনী খেলায় মুম্বই ইন্ডিয়ানসকে নাটকীয়ভাবে এক উইকেটে হারাল চেন্নাই সুপার কিংস। এক বল বাকি থাকতে ম্যাচ জিতে নেয় তারা। নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৬৫ রান তোলে মুম্বই। চেন্নাই ১৯.৫ ওভারে ৯ উইকেটে ১৬৯ রান তুলে নেয়। ছবি: পিটিআই

## কমনওয়েলথে টেবিল টেনিসে সোনা ভারতের



৮ এপ্রিল: ভারতের মহিলা টেবিল টেনিস দল কমনওয়েলথ গেমসে সোনা জিতে নজির গড়ল। এ দিন ফাইনালে সিঙ্গাপুরকে ৩-১ ফলে পরাজিত করে সোনা জিতে নেয় তারা। এই নিয়ে দ্বিতীয় বার ফাইনালে উঠল ভারতের মহিলা দল। এর আগে ২০১০ সালে দিল্লি কমনওয়েলথ গেমসে ফাইনালে উঠলেও জয় পায়নি ভারতীয় দল। কমনওয়েলথ গেমসের ইতিহাসে টেবিল টেনিসে ভারতের প্রথম সোনা জয়ে উল্লেখযোগ্য কৃতিত্ব দেখিয়েছেন মণিকা বাত্রা, মধুরিকা পাটকার ও মৌমা দাস।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## স্পেশ্যাল বি এড, অডিওলজির ডিগ্রি কোর্স



**নিজস্ব প্রতিনিধি:** বি এড স্পেশ্যাল এডুকেশন (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট) এবং অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির ব্যাচেলর্স ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র। এটি একটি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা। স্পেশ্যাল বি এড কোর্সটি বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির ডিগ্রি কোর্সটি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস কর্তৃক অনুমোদিত। দু'টি কোর্সই রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এড কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির ব্যাচেলর্স ডিগ্রি কোর্সের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি অথবা অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা সাইকোলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশ।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির ডিগ্রিধারীদের সরকারি হাসপাতাল, মাল্টিস্পেশ্যালিটি হসপিটাল, হিয়ারিং এইড ইন্ডাস্ট্রি, শিক্ষা প্রতিষ্ঠান, রিহ্যাবিলিটেশন ও রিসার্চ সেন্টারে চাকরি হতে পারে। তাঁরা ব্যক্তিগত ক্লিনিকও খুলতে পারবেন।

উভয় কোর্সেই ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। যোগাযোগের ঠিকানা: প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, অবিনাশ মুখার্জি রোড, হুগলি-৭১২ ১০৩ (ব্যান্ডেল চার্চের কাছে)। ফোন: ৯৫৬৪৭-৩৩৯৬৪, ২৬৩১-২৮৩৪। ওয়েবসাইট: www.pkkindia.org

## স্পেশ্যাল বি এড কোর্সে ভর্তি



**নিজস্ব প্রতিনিধি:** ভিশ্যুয়াল ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ বি এড (স্পেশ্যাল এডুকেশন) কোর্সে ভর্তি নিচ্ছে নরেন্দ্রপুরের রামকৃষ্ণ মিশন ব্লাইন্ড বয়েজ অ্যাকাডেমি। কোর্সটি রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত, দেরাদুনের ন্যাশনাল ইনস্টিটিউট ফর এমপাওয়ারমেন্ট অব পার্সনস উইথ ভিশ্যুয়াল ডিজেবিলিটি দ্বারা সাহায্যপ্রাপ্ত এবং কলিকাতা বিশ্ববিদ্যালয় দ্বারা অনুমোদিত। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, দৃষ্টিহীনদের স্কুলে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে বাংলা বা ইংরেজি এবং ইতিহাস, ভূগোল, অঙ্ক বা বিজ্ঞানের মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে।

**বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠান থেকে। ফি বাবদ নগদে বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১৫০ টাকা। ড্রাফটটি 'Ramakrishna Mission Blind Boys' Academy'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

১০ মে-র মধ্যে আবেদনপত্র রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: ডিরেক্টর, ট্রেনিং ইনস্টিটিউট ফর দ্য টিচার্স অব দ্য ভিশ্যুয়ালি হ্যান্ডিক্যাপড, রামকৃষ্ণ মিশন ব্লাইন্ড বয়েজ অ্যাকাডেমি, নরেন্দ্রপুর, কলকাতা-৭০০ ১০৩। অথবা সরাসরি প্রতিষ্ঠানে গিয়েও নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে পারেন (সকাল ১১টা থেকে বিকেল ৩টের মধ্যে)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rkmbba.org প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৩৩-২৪২৮ ৭০৩০।

# বায়োইনফর্মেটিক্স অ্যান্ড অ্যাপ্লায়েড বায়োটেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



বায়োইনফর্মেটিক্স ও অ্যাপ্লায়েড বায়োটেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে কর্নাটকের ইনস্টিটিউট অব বায়োইনফর্মেটিক্স অ্যান্ড অ্যাপ্লায়েড বায়োটেকনোলজি। কোর্সটি মাইসোর বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**আসনসংখ্যা:** ৪০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও বিষয়ে স্নাতক। বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স, কেমিস্ট্রি, ফার্মা, ফিজিক্স, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, বায়োটেকনোলজি, জুলজি, বটানি, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, এগ্রিকালচার, মেডিসিন, ডেন্টিস্ট্রি, ভেটেরিনারি সায়েন্স।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৪০ মিনিট। কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষা মে-জুনে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibab.ac.in পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ডাকে বা ক্যুরিয়ারের মাধ্যমে ১৫ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Admissions Office, Institute of Bioinformatics and Applied Biotechnology, Biotech Park, Electronics City, Phase-I, Bengaluru-560 100, Karnataka.

এ ছাড়া অনলাইন পদ্ধতিতেও আবেদন করা যাবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৮০-২৮৫২ ৮৯০০/১/২ বা ০৯৬১১৮৭২৯৪৬।

### আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Institute of Bioinformatics & Applied Biotechnology'-র অনুকূলে 'Bengaluru'-তে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর ৩ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর দু'কপি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের নকল।

8. জেট বিমানের ইঞ্জিন কোন নীতিতে কাজ করে?
(a) ভর (b) রৈখিক ভরবেগ (c) শক্তি (d) কোণবিশিষ্ট ভরবেগ

9. উজ্জ্বলভাবে প্রজ্বলিত আলোর জন্য সোডিয়াম বাষ্পের আলো ব্যবহৃত হয় কারণ:
(a) ভোল্টেজ ওঠানামা করার সহনক্ষমতা বেশি (b) উচ্চতর তীক্ষ্ণ উজ্জ্বলতার জন্য (c) সহজে স্থাপন করার জন্য (d) এর কোনওটিই নয়

10. পেরিস্কোপ কোন নীতিতে কাজ করে?
(a) শুধু প্রতিফলন (b) শুধু প্রতিসরণ (c) প্রতিফলন এবং প্রতিসরণ (d) প্রতিফলন এবং বাধা

11. কী পরিবর্তন করতে রেক্টিফায়ার ব্যবহৃত করা হয়?
(a) নিম্ন ভোল্টেজ থেকে উচ্চ ভোল্টেজ (b) উচ্চ ভোল্টেজ থেকে নিম্ন ভোল্টেজ (c) ডি সি থেকে এ সি (d) এসি থেকে ডি সি

12. দু'টি টেলিভিশন সম্প্রচার কেন্দ্রের মধ্যে যোগাযোগের জন্য কী কী যন্ত্রপাতি ব্যবহৃত হয়?
(a) মাইক্রোওয়েভ লিঙ্ক, বুস্টার সম্প্রচার, উপগ্রহ (b) রেডিও টেলিস্কোপ, মাইক্রোওয়েভ লিঙ্ক, বুস্টার সম্প্রচার, টেলিফোন (c) মাইক্রোওয়েভ লিঙ্ক, টেলিফোন, বুস্টার সম্প্রচার, উপগ্রহ (d) এর কোনওটিই নয়

13. সমুদ্রের ওপরের জিনিস দেখার জন্য ডুবোজাহাজের নাবিকরা কোন যন্ত্র ব্যবহার করে?
(a) পেরিস্কোপ (b) টেলিস্কোপ (c) গাইরোস্কোপ (d) স্টেরিস্কোপ

14. ঘড়িতে স্ফটিক কাচ কার ওপর নির্ভর করে কাজ করে?
(a) জনসন এফেক্ট (b) ফটোইলেকট্রিক এফেক্ট (c) এডিসন এফেক্ট (d) পিয়াজো ইলেকট্রন এফেক্ট

15. হাতে লেখা চিঠির প্রতিলিপি কোন যন্ত্রের সাহায্যে বিশ্বের একপ্রান্ত থেকে অপর প্রান্তে পৌঁছে যায়?
(a) স্পিড পোস্ট (b) টেলেক্স (c) ইলেকট্রন মেল (d) ফ্যাক্স

16. নাবিকদের দিগ্‌নির্ণয় যন্ত্রে কতগুলি বিন্দু থাকে?
(a) 64 (b) 32 (c) 24 (d) 8

17. হীরের প্রতিসরাঙ্ক হল:
(a) 2.46 (b) 2.42 (c) 2.43 (d) 2.44

18. হার্ডওয়্যার কীসের সঙ্গে যুক্ত?
(a) ক্যালকুলেটার (b) কম্পিউটার (c) অ্যাসিড (d) ভারী ধাতু

19. ডিজেল ইঞ্জিনে কী কী ব্যবহৃত হয়?
1. চোক 2. স্পার্ক প্লাগ 3. প্রিস্টন
(a) 1, 2 এবং 3 (b) 1 এবং 2 (c) 2 এবং 3 (d) 1 এবং 3

20. রঙিন টি ভি-তে যে তিনটি প্রাথমিক রঙ থাকে সেগুলি হল:
(a) সবুজ, নীল, লাল (b) লাল, সবুজ, হলুদ (c) সবুজ, হলুদ, নীল (d) হলুদ, নীল, লাল

### উত্তর

1(d), 2(a), 3(b), 4(b), 5(c), 6(b), 7(b), 8(b), 9(b), 10(c), 11(d), 12(a), 13(a), 14(d), 15(d), 16(b), 17(b), 18(b), 19(d), 20(d).

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ১০৩১ গ্র্যাজুয়েট নিচ্ছে ও এন জি সি

প্রথম পাতার পর

সিরিয়াল নম্বর: ৫: **ইলেক্ট্রনিক্স:** ৩০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত এবং ৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেলিকম ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট অথবা ইলেক্ট্রনিক্সে স্পেশ্যালাইজেশন-সহ ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৬: **ইনস্ট্রুমেন্টেশন:** ৪০টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৫, ও বি সি ১২)। এর মধ্যে ৬টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৭: **মেকানিক্যাল:** ১০৬টি (সাধারণ ৫৪, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৮)। এর মধ্যে ১০টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৮(এ): **মেকানিক্যাল (প্রোডাকশন):** ৭৬টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২২)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৮(বি): **পেট্রোলিয়াম (প্রোডাকশন):** ৪৬টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৫)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ পেট্রোলিয়াম বা অ্যাপ্লায়েড পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৮(সি): **কেমিক্যাল (প্রোডাকশন):** ১০১টি (সাধারণ ৫২, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৮)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ৯: **রিজার্ভয়ার:** ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। শিক্ষাগত যোগ্যতা: জিওফিজিক্স বা জিওলজি বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা পেট্রোলিয়াম টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকস্তরে ম্যাথমেটিক্স বা ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং বা অ্যাপ্লায়েড পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক। সবক্ষেত্রেই, ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

সিরিয়াল নম্বর: ১০: **কেমিস্ট:** ৯৩টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪)। এর মধ্যে ৬টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি।

সিরিয়াল নম্বর: ১১: **জিওলজিস্ট:** ৭৩টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬)। এর মধ্যে ১৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ৬টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ জিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি বা পেট্রোলিয়াম জিওসায়েন্স বা পেট্রোলিয়াম জিওলজিতে এম এসসি অথবা এম টেক বা জিওলজিক্যাল টেকনোলজিতে এম টেক।

সিরিয়াল নম্বর: ১২: **জিওফিজিসিস্ট (সারফেস):** ৪১টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। সিরিয়াল নম্বর: ১৩: **জিওফিজিসিস্ট (ওয়েলস):** ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। শিক্ষাগত যোগ্যতা: সিরিয়াল নম্বর ১২ এবং ১৩-র ক্ষেত্রে ৬০ শতাংশ নম্বর-সহ জিওফিজিক্স বা ফিজিক্সে (ইলেক্ট্রনিক্সে স্পেশ্যালাইজেশন-সহ) পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি অথবা জিওফিজিক্যাল টেকনোলজিতে এম টেক।

সিরিয়াল নম্বর: ১৪: **মেটেরিয়ালস ম্যানেজমেন্ট অফিসার:** ৪৯টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২)। এর মধ্যে ১৯টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত এবং ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা পেট্রোলিয়াম বা অ্যাপ্লায়েড পেট্রোলিয়াম বা কেমিক্যাল বা সিভিল বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা টেলিকম বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে গ্র্যাজুয়েট।

সিরিয়াল নম্বর: ১৫: **প্রোগ্রামিং অফিসার:** ১৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, ও বি সি ৪)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি অথবা এম সি এ বা কম্পিউটার সায়েন্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ভারত সরকারের ইলেক্ট্রনিক্স বিভাগের সংজ্ঞানুযায়ী 'বি' লেভেল ডিপ্লোমা।

সিরিয়াল নম্বর: ১৬: **ট্রান্সপোর্ট অফিসার:** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ৩টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ অটো ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি।

সব ক্ষেত্রেই, সংশ্লিষ্ট বিষয়ে গেট-২০১৮-র বৈধ স্কোর কার্ড থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে এইই-(ড্রিলিং/সিমেন্টিং) পদের ক্ষেত্রে ২৮ বছরের মধ্যে হতে হবে এবং অন্যান্য পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ও বি সি হলে ১৩) বছর বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৃষ্টিশক্তি:** মায়োপিয়া (সিলিন্ডার-সহ) থাকলে তা যেন মাইনাস ৪.০০ ডি এবং হাইপারমেট্রোপিয়া (সিলিন্ডার-সহ)-এর ক্ষেত্রে তা যেনপ্লাস ৪.০০ ডি-এর মধ্যে হয়। মেটেরিয়ালস ম্যানেজমেন্ট অফিসার পদের ক্ষেত্রে সম্পূর্ণ বা আংশিক বর্ণান্ধ প্রার্থীরা আবেদনের যোগ্য। রিজার্ভয়ার, কেমিস্ট, জিওলজিস্ট, জিওফিজিসিস্ট (সারফেস), জিওফিজিসিস্ট (ওয়েলস), মেটেরিয়ালস ম্যানেজমেন্ট অফিসার এবং প্রোগ্রামিং অফিসার পদের ক্ষেত্রে ২০ বছরের অধিক বয়সি প্রার্থীর মায়োপিয়া থাকলে তা মাইনাস ৬ডি এবং হাইপারমেট্রোপিয়া থাকলে তা +৬ডি-র (উভয় ক্ষেত্রেই নন-প্রোগ্রেসিভ) বেশি হওয়া চলবে না। পাওয়ার আরও বৃদ্ধির সম্ভাবনা থাকলেও চলবে না। কোনও পদের ক্ষেত্রেই রাতকানা রোগ থাকা চলবে না।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গেট-২০১৮ পরীক্ষায় প্রাপ্ত স্কোর এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ শুরু হবে ২৮ মে থেকে।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ongcindia.com প্রার্থীর চালু মোবাইল নম্বর ও ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩ মে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় একটি সাদা পাতায় সম্প্রতি তোলা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (অবশ্যই সাদা ব্যাকগ্রাউন্ড থাকতে হবে) সেঁটে তার নীচে সই করে সেটি স্ক্যান করে (৭০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে এবং গেট-২০১৮-র রেজিস্ট্রেশন আই ডি, অ্যাপ্লিকেশন আই ডি দিতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩৭০ টাকা (ব্যাঙ্ক চার্জ বাবদ ৬০ টাকা ও জি এস টি বাবদ ১০.৮০ টাকা-সহ)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে এই ও এন জি সি পাওয়ার জ্যোতি অ্যাকাউন্ট নম্বরে: ৩০৮২৭৩১৮৪০৯। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

দরখাস্ত সাবমিট করার পর একটি ইউনিক আইডেন্টিফিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। দরখাস্ত সাবমিটের পর সেটির এবং রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত প্রার্থীরা শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের স্ক্যান্ড কপি আপলোড এবং ইন্টারভিউয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন ১০ মে থেকে ২২ মে পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ার ইন্ডিয়ায় ২৯৫

প্রথম পাতার পর

কন্ট্যাক্ট লেন্স +২ডি পর্যন্ত গ্রহণযোগ্য। বর্ণান্ধতা থাকা চলবে না।

**বয়স:** ২-৫-২০১৮ কর্মরতদের ক্ষেত্রে তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ট্রেনি পদের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে মূল বেতন প্রতি মাসে ১৮,৪০০ টাকা, সঙ্গে ফ্লাইং অ্যালাওয়েন্স-সহ অন্যান্য ভাতা।

প্রার্থী বাছাই করা হবে কর্মরতদের ক্ষেত্রে প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশন এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৬ মে।

ট্রেনি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশন, পার্সোন্যালিটি অ্যাসেসমেন্ট রাউন্ড এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ সংস্থার তরফে এখনও ঘোষণা করা হয়নি।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২ মে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো। (১০ থেকে ৩৫ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এছাড়া অনলাইন আবেদনের সময় ডিমান্ড ড্রাফট-সংক্রান্ত তথ্য, এম বি বি এস ডাক্তার কর্তৃক প্রদত্ত মেডিক্যাল সার্টিফিকেট (প্রার্থীর উচ্চতা, ওজন, বি এম আই, রং চেনার ক্ষমতা ইত্যাদির উল্লেখ থাকতে হবে)-এর তথ্য, ডাক্তারের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর, কন্ট্যাক্ট লেন্স ব্যবহারকারীদের ক্ষেত্রে অপথ্যালমোলজিস্ট কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট (লেন্সের পাওয়ারের উল্লেখ থাকতে হবে)-এর তথ্য উল্লেখ করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। ডিমান্ড ড্রাফটটি 'AIR INDIA LIMITED'-এর অনুকূলে দিল্লিতে প্রদেয় হতে হবে। তফসিলিদের ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যেতে হবে।

ডিমান্ড ড্রাফটটি পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যেতে হবে। এছাড়া নিয়ে যেতে হবে— মেডিক্যাল সার্টিফিকেট, অপথ্যালমোলজিস্ট কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), ডোমিসাইল সার্টিফিকেট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), 'নো অবজেকশন সার্টিফিকেট'-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের মূল ও তার এক কপি নকল। এর পাশাপাশি সঙ্গে নিয়ে যাবেন প্রার্থীর পাসপোর্ট মাপের একটি ফটো এবং পূর্ণদৈর্ঘ্যের দু'টি পোস্টকার্ড মাপের ফটো। মহিলাদের ক্ষেত্রে শাড়ি এবং পুরুষদের ক্ষেত্রে ফর্ম্যাল পোশাকে সামনে থেকে ও সাইডভিউতে ফটো তোলাতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ১৭৯ ট্রেনি

প্রথম পাতার পর

সফলভাবে ট্রেনিং শেষে বেতন প্রতি মাসে ২১,৭০০ টাকা।

**স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি:** ৬২টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, কেমিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক অ্যান্ড কমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কম্পিউটার সায়েন্স এবং সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি শাখায় ডিপ্লোমা। অথবা কেমিস্ট্রি বা ফিজিক্সে বি এসসি। বয়স: ২১-৫-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

ট্রেনিংয়ের মেয়াদ দেড় বছর। স্টাইপেন্ড: প্রতি মাসে ট্রেনিংয়ের প্রথম বছরে ১৬,০০০ টাকা এবং পরবর্তী ছয় মাসে ১৮,০০০ টাকা করে।

সফলভাবে ট্রেনিং শেষে বেতন প্রতি মাসে ৩৫,৪০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.npcil.nic.in যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র নির্দিষ্ট ঠিকানায় পৌঁছনোর শেষ তারিখ ২১ মে।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের জুডিশিয়াল সার্ভিসে চাকরি

পশ্চিমবঙ্গ জুডিশিয়াল সার্ভিসে ২৫ জন সিভিল জজ নেবে রাজ্য সরকার। নিয়োগ করা হবে 'ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 10/2018.

**সম্ভাব্য শূন্যপদ:** ২৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** আইনের ডিগ্রি। সঙ্গে দেশের যে-কোনও রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই বাংলা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

**বয়স:** ১৪-৪-২০১৮ তারিখে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ ১৫-৪-১৯৮৩-এর আগে এবং ১৪-৪-১৯৯৫-এর পরে হলে চলবে না। পশ্চিমবঙ্গের তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত এবং অন্তত ২ বছর ধরে সরকারি ক্ষেত্রে কর্মরত প্রার্থীরা ২ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৭,৭০০-৪৪,৭৭০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি ও ফাইনাল পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রিলিমিনারি ও ফাইনাল পরীক্ষার সম্ভাব্য সময় যথাক্রমে জুন ও জুলাই। প্রিলিমিনারি পরীক্ষাকেন্দ্র কলকাতা (কোড-০১) এবং দার্জিলিং (কোড-০২)। দার্জিলিং সদর, মিরিক, কার্শিয়াং এবং কালিম্পং— এই তিন পার্বত্য অঞ্চলের প্রার্থীরাই শুধু দার্জিলিং কেন্দ্রে পরীক্ষায় বসতে পারবেন। ফাইনাল পরীক্ষা কলকাতায়।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৭ মে।

প্রথমে অনলাইনে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করতে হবে। রেজিস্ট্রেশন করতে বসার আগে প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো এবং সই স্ক্যান করে আপলোড করতে হবে। রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে ইউজার আই ডি ও পাসওয়ার্ড পাবেন। এগুলি ব্যবহার করে 'লগ ইন টু ইয়োর অ্যাকাউন্ট' লিঙ্কের মাধ্যমে দরখাস্ত করতে হবে। রেজিস্ট্রেশন ব্যবস্থাটি এককালীন। যাঁরা আগেই পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনে রেজিস্ট্রেশন করেছেন তাঁদের আর নতুন করে রেজিস্ট্রেশনের দরকার নেই। পুরনো ইউজার আই ডি ও পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না। অনলাইন এবং অফলাইন উভয় ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইন ব্যবস্থায় ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে। সব ক্ষেত্রেই সার্ভিস চার্জ বাবদ কিছু অতিরিক্ত টাকা দিতে হবে। অফলাইনে ফি জমা দেওয়া যাবে ব্যাঙ্ক চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। এক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ লাগবে অতিরিক্ত ২০ টাকা। অনলাইন দরখাস্ত এবং ফি জমা করার শেষ তারিখ ৭ মে (মধ্যরাত্রি ১২টা পর্যন্ত)। অফলাইনে ফি জমা করার শেষ তারিখ ৮ মে। তবে এক্ষেত্রে ৭ মে-র মধ্যে সিস্টেম জেনারেটেড চালানের প্রিন্ট নিয়ে থাকতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না, নিজের কাছে রাখবেন।

পরীক্ষার সিলেবাস এবং খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: https://pscwbonline.gov.in এছাড়াও তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪১৯-৮১৮৭/৭৭১৫ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা)।

# ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি

প্রথম পাতার পর

উত্তীর্ণ হতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২ মে পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো (৭৫ কেবি সাইজের মধ্যে), সই (২৫ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: rectt-1819-01@eil.co.in

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এয়ারফোর্সে খেলোয়াড়

*প্রথম পাতার পর*

প্রার্থী আন্তর্জাতিক বা জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় প্রথম তিনের মধ্যে স্থান অধিকার করে থাকলে, আবেদন করতে পারেন।

**বয়স:** আবেদনের তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ৭-৭-১৯৯৭ থেকে ২৭-৬-২০০১-এর মধ্যে। সংশ্লিষ্ট ক্রীড়াক্ষেত্রে কৃতিত্বের অধিকারীরা বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫২.৫ সেমি। বুকের ছাতি ৫ সেমি পর্যন্ত ফোলানোর দক্ষতা থাকতে হবে। বয়স ও উচ্চতা অনুসারে ওজন হতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা-সহ উভয় চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা উচ্চ মানের হতে হবে। বর্ণান্ধতা বা রাতকানা অসুখ থাকলে চলবে না। চোখের কোনও অপারেশন হয়ে থাকলে আবেদন করবেন না। উচ্চ শ্রবণক্ষমতা থাকতে হবে, যাতে ৬ মিটার দূর থেকে ফিসফিস করে কথা বললেও শুনতে পান।

প্রথমে জয়েন্ট বেসিক ফেজ ট্রেনিং হবে কর্নাটকের বেলাগভির বেসিক ট্রেনিং ইনস্টিটিউটে। এর পর হবে ট্রেড ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে চাকরির শুরুতে মোট বেতন: ২৬,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করবে এয়ারফোর্স স্পোর্টস কন্ট্রোল বোর্ড, দু'পর্যায়ের শারীরিক সক্ষমতার পরীক্ষা, খেলার ট্রায়াল ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষার প্রথম পর্বে থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়। দ্বিতীয় পর্যায়ে থাকবে এক মিনিটে ১০টি পুশ-আপ, এক মিনিটে ১০টি সিট-আপ এবং এক মিনিটে ২০টি স্কোয়াট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল প্রার্থীদের এর পর ক্রীড়াক্ষেত্রে দক্ষতা যাচাই করা হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ছবি তুলতে হবে নির্দিষ্ট ভঙ্গিতে— একটি কালো রঙের স্লেট বুকের সামনে ধরতে হবে। তাতে সাদা চকে ইংরেজির বড় হাতের হরফে প্রার্থীর নাম, জন্মতারিখ ও ফটো তোলার তারিখ (তিন মাসের পুরনো হলে চলবে না) লেখা থাকতে হবে। তিন কপি ফটোর মধ্যে একটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অন্য দু'টি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।

✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

✓শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।

✓ক্রীড়া-যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।

✓নিজের নাম-ঠিকানা লেখা ২৪×১০ সেমি মাপের একটি সাদা খাম। কোনও ডাকটিকিট সাঁটতে হবে না।

প্রার্থী বাছাইয়ের সময় উপরোক্ত ভঙ্গিতে তোলা পাসপোর্ট মাপের চার কপি ফটো, ক্যারেক্টার সার্টিফিকেট, খেলাধুলার সরঞ্জাম-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের মূল ও তার চার কপি প্রত্যয়িত নকল সঙ্গে নিয়ে যাবেন।

দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন: 'OUTSTANDING SPORTSMEN FOR GROUP 'Y' TRADES SPORTS DISCIPLINE APPLIED FOR ________'. শূন্যস্থানে যে-ক্রীড়াক্ষেত্রের জন্য দরখাস্ত করছেন তার নাম লিখবেন।

সাধারণ ডাকে ১১ মে-র মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: SECRETARY, AIR FORCE SPORTS CONTROL BOARD, C/O AIR FORCE STATION NEW DELHI RACE COURSE, NEW DELHI-110003.

*দরখাস্তের বয়ান পাশের কলামে*

**APPLICATION FOR SELECTION AS OUTSTANDING SPORTSMEN IN THE GROUP 'Y' TRADES OF INDIAN AIR FORCE (FOR MALE CANDIDATES ONLY)**

Regd. No________

Paste Recent Passport size colour photograph

1. Name of the candidate in Capital Letter (as in Matriculation Certificate):
2. Father's Name in Capital Letters (as in Matriculation Certificate)
3. Date of Birth (as in Matriculation Certificate):
4. Matriculation Certificate No..................Board/University.................
5. Intermediate Certificate No....................Board/University ..............
6. Are you son of a serving or retired or deceased Officer/Airman/NCs(E)/ Air Force Unit Cadre Civilian OR are you a serving NC(E)? If YES, mention following details.

| Service No/PA No | Rank | Name | Unit Serving/ Last served |
|---|---|---|---|
| | | | |

7. **Educational Qualifications:**

| Exam Passed | Subjects Studied | Marks obtained in each Subject | Aggregate % |
|---|---|---|---|
| | | | |
| | | | |

8. Achievements in Sports:
   (a) Sports Discipline (As per para 1 of the Advertisement): ________
   (b) Level of representation: (As per para 2 of the Advertisement): ___
9. Height [    ]cm
10. Identification Mark: ________________
11. **Addresses for Correspondence:**
    House No./Street/Village .............. Post Office ........... Distt............
    State ........................ Pin Code................ Mobile No. ......................
12. Permanent Address:
    House No./Street/Village .............. Post Office ........... Distt............
    State ........................ Pin Code................ Mobile No. ......................
13. Nationality: [          ]
14. Are you Married? (Tick (✓) Yes or No.) YES [  ] NO [  ]
15. E-mail ID: ________________
16. Contact No.: ________________
17. Have you been discharged from the Indian Air Force/Indian Army/ Indian Navy or dismissed from any government organization? State: Yes or No. If yes give details: ________________
18. **Declaration:** (a) I hereby declare that all statements made in the above application are correct. (b) I understand that I am liable to be disqualified at any stage if the information given above is found to be incorrect/ incomplete/false. (c) **I am fully aware that no money is required to be paid to any agency for recruitment in the IAF. If at any stage it is discovered that I have paid any money to get recruited, I am liable to be disqualified/discharged from service.** (d) I undertake to produce all my original certificates and statement of marks and three photocopies of each, duly attested by a **Gazetted Officer**, at the time of appearing in the Selection Test. (e) I am **Willing** to undergo physical and medical tests, at my own risk and will not be entitled for any compensation for injuries, if any sustained during such trials/tests. (f) **I am aware that the decision by Secretary, Air Force Sports Control Board will be final and binding on me.**

Place: ____________ Signature of Candidate

Date: ____________

(Left hand thumb impression of the Candidate)

**CONSENT FORM**

(Applicable in respect of candidates below 18 years of age)

(To be produced before Physical Fitness test)

I ________ father/guardian of ________ whose date of birth is _____ do hereby give my consent for my son/ward to appear in the physical/medical tests, as prescribed for selection in the Indian Air Force, at his own risk. I am aware that no compensation in any form shall be claimed, in respect of injuries if any, sustained by my son/ward, during such tests.

Date: (Signature of Parent/Guardian)

# নদিয়া জেলায় স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, ল্যাব টেকনিশিয়ান এবং কালা-আজার টেকনিক্যাল সুপারভাইজর পদে ২৫ জন কর্মী নিয়োগ করবে নদিয়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ করা হবে চুক্তিতে বিভিন্ন সরকারি স্বাস্থ্য প্রকল্পে। এই নিয়োগের মেমো নম্বর: CMOH-Nad/3201.

শূন্যপদের বিবরণ: **স্টাফ নার্স (ন্যাশনাল আর্বান হেলথ মিশন):** ১০টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ৩)। শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**কালা-আজার টেকনিক্যাল সুপারভাইজর (ন্যাশনাল হেলথ মিশন):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতকস্তরে বায়োলজি পড়ে থাকতে হবে। সঙ্গে বৈধ টু-হুইলার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। হেলথ সুপারভাইজর বা হেলথ অ্যাসিস্ট্যান্ট হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১-২০১৮ তারিখে ৫০-৬২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১০,৫০০ টাকা।

**ল্যাব টেকনিশিয়ান (ন্যাশনাল আর্বান হেলথ মিশন):** ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। কম্পিউটার, এম এস অফিস এবং ইন্টারনেট ব্যবহারের জ্ঞান থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৯,৩৮০ টাকা।

**ল্যাব টেকনিশিয়ান (ইন্টিগ্রেটেড কাউন্সেলিং অ্যান্ড টেস্টিং সেন্টার):** ৪টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে বি এসসি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা। অথবা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## দরখাস্তের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ডিমান্ড ড্রাফটটি 'The Secretary, District Health & Family Welfare Samity Nadia'-এর অনুকূলে 'Krishnagar, Nadia'-এ প্রদেয় হতে হবে।

✓বয়সের প্রমাণপত্র হিসেবে বার্থ সার্টিফিকেট বা মাধ্যমিকের সার্টিফিকেট বা অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশিট এবং সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত রেজিস্টার্ড ডাক বা ক্যুরিয়র বা স্পিড পোস্টের মাধ্যমে ২৬ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief Medical Officer of Health, Nadia & Secretary, District Health & Family Welfare Samity, 5, D.L Roy Road, P.O. Krishnagar, District-Nadia, Pin 741101.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটগুলিও: www.wbhealth.gov.in, www.swasthyakathanadia.org

# রাজ্য পুলিশে ১৫২৭

*সাতের পাতার পর*

চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। এক্ষেত্রে অতিরিক্ত সার্ভিস চার্জ লাগবে। চালান ডাউনলোড করার ২টি কাজের দিনের পর ফি জমা দিতে হবে ইউ বি আই-এর যে-কোনও ব্রাঞ্চে। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে ফি জমা-সংক্রান্ত তথ্য দিয়ে দরখাস্ত সাবমিট করবেন এবং সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। ফি জমা দেওয়ার পর চালানের তথ্য-সহ অনলাইন আবেদনপত্র পূরণ করে সাবমিটের শেষ তারিখ ১০ মে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ই-পেমেন্ট সুবিধাযুক্ত যে-কোনও পোস্ট অফিসে, ইন্ডিয়া পোস্ট চালানের মাধ্যমে। ফি দিতে হবে 'West Bengal Police Recruitment Board'-এর অনুকূলে। এক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ১০ টাকা দিতে হবে। ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্ট দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। এছাড়াও ডাউনলোড করে নেওয়া ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। চালান ডাউনলোড করার ২টি কাজের দিনের পর ফি জমা দেওয়া যাবে। এক্ষেত্রে ফি জমা দিয়ে পাওয়া চালানের রিক্রুটমেন্ট বোর্ডের অংশটি দরখাস্তে সেঁটে দেবেন।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়ার নথি-সহ পূরণ করা দরখাস্ত ৩২×২২ সেমি মাপের খামে ভরে পাঠিয়ে দেবেন এই ঠিকানায়: Chairman, West Bengal Police Recruitment Board, Araksha Bhaban, 5th floor, Block-DJ, Sector-II, Salt Lake City, Kolkata-700 091. খামের ওপর 'NAME OF THE RECRUITMENT, NAME OF THE POST, APPLICATION SERIAL NO.' লিখে দেবেন। দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ৫ মে।

অনলাইন আবেদনের ক্ষেত্রে লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.policewb.gov.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টার মধ্যে (শনিবার দুপুর ২টোর মধ্যে) যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭০৪৪১০৮৬৮৯/৭০৪৪১০৯৩৪৬। অথবা ই-মেল করতে পারেন এই ঠিকানায়: wbprbonline@applythrunet.co.in

# রামকৃষ্ণ মিশনে কারিগরি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন শিল্পবিদ্যালয়। শুধু ছেলেরা ভর্তির জন্য আবেদন করবেন। বয়স হতে হবে ২২ বছরের মধ্যে। অন্তত মাধ্যমিক পাশ তরুণরা ইলেক্ট্রনিক্স মেকানিক এবং অটোক্যাড-সহ ড্রাফটসম্যান (সিভিল বা মেকানিক্যাল) ট্রেডে প্রশিক্ষণ নিতে পারেন। কোর্সের মেয়াদ ২ বছর। প্রশিক্ষণ শেষে এন সি ভি টি সার্টিফিকেট পাওয়া যাবে। সুযোগমতো অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়া যেতে পারে। অন্তত দশম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করে থাকলে ইলেক্ট্রিক্যাল ট্রেডে ১ বছরের প্রশিক্ষণ নেওয়া যাবে। এক্ষেত্রে সার্টিফিকেট দেবে রামকৃষ্ণ মিশন। আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে ৮ মে থেকে ৮ জুন ১১টা থেকে ৪টের মধ্যে (রবিবার ১টার মধ্যে। সোমবার প্রতিষ্ঠানের অফিস বন্ধ থাকে)। পূরণ করা আবেদনপত্র ২২ মে থেকে ৯ জুনের মধ্যে প্রতিষ্ঠানের অফিসে জমা দিতে হবে। ঠিকানা: রামকৃষ্ণ মিশন শিল্পবিদ্যালয় (প্রাইভেট আই টি আই), পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। ওয়েবসাইট: www.rkmshilpavidyalaya.ac.in

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**এপ্রিল-এর প্রতিযোগিতার জন্য মার্চ মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ এপ্রিল-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পাওয়ার গ্রিডে ডিপ্লোমা ট্রেনি ও জুনিয়র অফিসার ট্রেনি

ডিপ্লোমা ট্রেনি এবং জুনিয়র অফিসার ট্রেনি পদে ৫১ জনকে নিয়োগ করবে পাওয়ার গ্রিড কর্পোরেশনের উত্তর-পূর্বাঞ্চল রিজিয়ন। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। পাওয়ার গ্রিড কর্পোরেশনের নর্থ ইস্টার্ন রিজিওনাল ট্রান্সমিশন সিস্টেমে নিয়োগ করা হবে ইলেক্ট্রিক্যাল, সিভিল এবং হিউম্যান রিসোর্স শাখায়। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 1/NER/2018.

শূন্যপদের বিবরণ: **ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)**: পোস্ট আই ডি 1: ৩৬টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতি ও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই দরখাস্ত করা যাবে।

**ডিপ্লোমা ট্রেনি (সিভিল)**: পোস্ট আই ডি 2: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৭০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতি ও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই দরখাস্ত করা যাবে।

সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে।

**জুনিয়র অফিসার ট্রেনি (হিউম্যান রিসোর্স)**: পোস্ট আই ডি 4: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ নম্বর-সহ হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি অথবা সোশ্যাল ওয়ার্কে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। তফসিলি জাতি ও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই দরখাস্ত করা যাবে।

**বয়স**: ২৩-৪-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড**: ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ১৬,৫০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ১৬,০০০-৩৫,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা, কম্পিউটার স্কিল টেস্ট এবং ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ১২০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে এবং দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্ন হবে ভোকাবুলারি, ভার্বাল কম্প্রিহেনশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ডেটা সাফিশিয়েন্সি অ্যান্ড ইন্টারপ্রিটেশন এবং নিউমেরিক্যাল এবিলিটি বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্রগুলি হল: গুয়াহাটি, ইটানগর, ডিমাপুর, শিলং, ইম্ফল, আইজল এবং আগরতলা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergridindia.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত করা যাবে ২৩ এপ্রিল পর্যন্ত। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ই-ওয়ালেটের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অনলাইন দরখাস্তের সময় আপলোড করবেন

- ✓ প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে)।
- ✓ বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের মার্কশিট বা বার্থ সার্টিফিকেট।
- ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট এবং মার্কশিট।
- ✓ কাস্ট বা ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ অভিজ্ঞতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

## ফল বেরোল

**বিজ্ঞপ্তি নম্বর 11 of 2017 অনুসারে** মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনে ডেপুটি ম্যানেজার পদে নিয়োগের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.mscwb.org

□

**বিজ্ঞপ্তি নম্বর RRC/NR 03/2017/** Apprentice Act অনুসারে নর্দার্ন রেলওয়েতে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনি পদে নিয়োগের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: http://www.rrcnr.org


শীঘ্রই প্রকাশিত হচ্ছে





# বিজয়া ব্যাঙ্কে ম্যানেজার

৫৭ জন ম্যানেজার নেবে বিজয়া ব্যাঙ্ক। নিয়োগ করা হবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, ল এবং সিকিউরিটি বিভাগে। নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/২০১৮। ১ বছরের প্রবেশন।

**শূন্যপদের বিন্যাস**: **ম্যানেজার-চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট**: শূন্যপদ: ৩২টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: সি এ ফাইনাল পরীক্ষায় পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মাঝারি বা বৃহৎ কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসেবে কাজ করে থাকলে অগ্রাধিকার।

**ম্যানেজার-ল**: শূন্যপদ: ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বি এল (এল এল বি) পরীক্ষায় পাশ। সেই সঙ্গে কোনও সিভিল কোর্টে বা ব্যাঙ্কের ডেটা রিকভারি ট্রাইব্যুনালে অ্যাডভোকেট হিসেবে ৩ বছরের অভিজ্ঞতা-সহ মোট ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**ম্যানেজার-সিকিউরিটি**: শূন্যপদ: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে আর্মি, নেভি বা এয়ারফোর্সে কমিশন্ড অফিসার হিসেবে অথবা পুলিশ ফোর্সে অন্তত্পক্ষে অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট অব পুলিশ বা ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট অব পুলিশ র‍্যাঙ্কে অথবা প্যারামিলিটারি ফোর্সে সমতুল র‍্যাঙ্কে ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স**: ১-৩-২০১৮ তারিখে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ও ল শাখার ক্ষেত্রে ২০ থেকে ৩৫ বছর এবং সিকিউরিটি শাখার ক্ষেত্রে ২০ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: সব ক'টি পদের ক্ষেত্রেই ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে কর্তৃপক্ষ মনে করলে লিখিত পরীক্ষা বা গ্রুপ ডিসকাশনের আয়োজন করতে পারেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vijayabank.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন ব্যবস্থায় ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে অথবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট নিয়ে নেবেন।

অনলাইনে যথাযথভাবে দরখাস্ত পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এর পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। প্রিন্ট আউট ভরা খামের ওপর লিখবেন: "APPLICATION FOR THE POST OF MANAGER-CHARTERED ACCOUNTANT, MANAGER-LAW & MANAGER-SECURITY 2017-2018 in Vijaya Bank" ৪ মে-র মধ্যে সাধারণ ডাকে প্রিন্ট আউট পৌঁছতে হবে এই ঠিকানায়: Vijaya Bank, P.O. Box No. 5136, G.P.O. BANGALORE-560 001.

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**স্টাফ সিলেকশন কমিশন দ্বারা পরিচালিত জুনিয়র ইঞ্জিনিয়ার্স** (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কোয়ালিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্রাক্ট) এক্সামিনেশন, ২০১৭-র পেপার-টু পরীক্ষা ২৯ এপ্রিল। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ssc.nic.in


কাজের খবরে

১ নম্বর

কর্মক্ষেত্র

কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

সপ্তাহে দু'দিন:

শুক্রবার - কর্মক্ষেত্র

সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ

Source - Average Issue Readership, IRS 2017


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in